উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা- দশমিনা, জেলা- পটুয়াখালী

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, দশমিনা, পটুয়াখালী

সমন্বয়ে

সুশীলন
Shushilan

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid · European Union · Norwegian Embassy · Sweden · Australian Aid · UNDP

মুখবন্ধ

বাংলাদেশ একটি দুর্যোগ প্রবন দেশ। ভৌগোলিক অবস্থান, জলবায়ু ও আবহাওয়ার তারতম্যের কারণে স্থানভেদে এদেশে প্রতিবছর বন্যা (নদীবাহিত/ বৃষ্টিপাতজনিত), টর্নেডো (ঘূর্নিঝড়), খরা/ অনাবৃষ্টি, ভূমিকম্প, ঘনকুয়াশার মত বিভিন্ন ধরণের আপদ আঘাত হানে। বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছর এলাকা ভিত্তিক নদী ভাঙ্গনের শিকার বহলোক ভিটেমাটি ছাড়া হয়ে নিঃস্বহয়ে পড়ে এবং নদী-খাল ভরাটজনিত কারণে এলাকা ভিত্তিক অধিবাসীদের সংশ্লিষ্ট নানা ধরণের আপদের সম্মুখীন হতে হয়। এছাড়া ও মানবসৃষ্ট ও শিল্পকারখানা জনিত বিভিন্ন ধরণের আপদ প্রতিনিয়ত মানুষকে আতংক গ্রস্থ করে রাখে। এ সমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদ সহ জান-মাল, পশুসম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতিসাধিত হয়। এর ফলে শুধু আক্রান্ত জনগোষ্ঠী-ই ক্ষতি গ্রস্ত হয় তা নয়, জাতীয় সম্পদ এবং অর্থনীতিতে ও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়। দুর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনার মাধ্যমে মানুষের সহায় সম্পদ সহ জান-মাল, পশুসম্পদ ও ফসলের ক্ষয়ক্ষতি হ্রাস করার সুদূর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যতিরেকে শুধু মাত্র ত্রাণ ও পুনর্বাসনকেই বেশী প্রাধান্য দেয়া হয়েছে। সম্প্রতি বাংলাদেশ সরকার সমন্বিত দুর্যোগ ব্যাবস্থাপণা কর্মসূচীর (CDMP-II) মাধ্যমে দূর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনা বিষয়ক এক কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিক ভাবে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ, ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপণা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করেতা পর্যালোচনার মাধ্যমে দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনা প্রনয়ণের উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনায় স্থানীয় আপদ সমূহ চিহ্নিত করে দুর্যোগ পূর্ব প্রস্তুতি গ্রহন ও ঝুঁকি নিরসনের জন্য দশমিনা উপজেলায় কার্যকরী একটি দুর্যোগ ব্যবস্থা পরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে যা স্থানীয় পর্যায়ে দূর্যোগ ঝুঁকি মোকাবেলায় সুদূর প্রসারী অবদান রাখতে পারবে বলে উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপণা কমিটি মনে করে।

কর্মপরিকল্পনাটি প্রনয়নে এলাকার নারী-পুরুষ, কৃষক-ভূমিহীন, প্রবীণ ও তথ্য প্রদানে সক্ষম অন্যান্য স্থানীয় জনগোষ্ঠীর প্রতিনিধি, ইউনিয়ন এবং উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপনা কমিটির (UzDMC) সদস্য বৃন্দ সরাসরি সম্পৃক্ত ছিলেন। বিশেষ করে অত্র এলাকায় কর্মরত **সুশীলন** 'এর কর্মকর্তা ও গবেষকদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে যথা যথ অবদান রেখেছে। এ কর্ম প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের ফলে পটুয়াখালী জেলার দশমিনা উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি একটি বাস্তবসম্মত দুর্যোগ ব্যবস্থপনা কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। অত্র উপজেলায় প্রণীত দূর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনায় দূর্যোগ মোকাবেলায় গুরুত্ব পূর্ন বিষয় সমূহ প্রাধান্য লাভ করেছে। তম্মধ্যে উল্লেখ যোগ্য হচ্ছে পরিবার ও সমাজ পর্যায়ে দূর্যোগ ঝুঁকি সম্পর্কে গনসচেতনতা সৃষ্টি, স্থানীয় সম্পদ ব্যাবহারের মাধমে দুর্যোগ পূর্ব প্রস্তুতি গ্রহন এবং দূর্যোগ কালীন সময়ে অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ, ত্রাণ ও তাৎক্ষনিক পুন র্বাসন ব্যাবস্থার জন্য স্থানীয় ভাবে প্রনীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ, দুর্যোগ পরিকল্পনায় অংশগ্রহন এবং কার্যকর অংশীদারীত্ব যা বাস্তবায়িত হলে আপদ সংশ্লিষ্ট স্থানীয় ঝুঁকিসমূহ অনেকাংশে হ্রাস পাবে এবং জনগণের সহায় সম্পত্তি, জানমাল এবং ফসলের ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে আনা সম্ভব হবে। পাশাপাশি দূর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও দূর্যোগ পরবর্তী প্রস্তুতি গ্রহন, দূর্যোগ ঝুঁকি হ্রাসে স্থানীয় অবকাঠামো ও অ-অবকাঠামো, সামাজিক সম্পদ ও নিরাপদ স্থান সমূহের তালিকা প্রনয়ন, ঝুঁকির কারণ সমূহ চিহ্নিত করণ, সর্বাধিক বিপদাপন্ন এলাকা চিহ্নিতকরণ, ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিত করন, জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব নিরূপণ, উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ চিহ্নিত করণ এবং বিভিন্ন সামাজিক সংগঠন সমুহের স্বেচ্ছাসেবক তালিকা প্রনয়ন করা হয়েছে।

২০১৪ সালে সিডিএমপি' ও সহায়তায় প্রণীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি প্রনয়নে যে সকল সরকারী এবং বেসরকারী সংস্থা ও ব্যক্তিবর্গ সক্রিয় ভাবে অংশ গ্রহণ ও পরামর্শ প্রদান করেছেন তাদেরকে আমি আন্তরিক ভাবে ধন্যবাদ জ্ঞাপনকরছি। আমি আশাবাদী, স্থানীয় জনগন, স্থানীয় প্রশাসন ও বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে দশমিনা উপজেলায় প্রণীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি দুর্যোগ ব্যাবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা সংস্থা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।

সদস্য সচিব

২০/৭/১৪

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং
প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
দশমিনা উপজেলা
পটুয়াখালী **জেলা**

সভাপতি

২০/৭/২০১৪

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং
উপজেলানির্বাহী অফিসার
দশমিনা উপজেলা
পটুয়াখালী জেলা

সূচীপত্র

মুখবন্ধ	i
সূচিপত্র	Ii
টেবিলের তালিকা	Iv
চিত্রের তালিকা	V
গ্রাফচিত্রের তালিকা	V
মানচিত্রের তালিকা	Vi
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	**১-১৭**
১.১ পটভূমি	১
১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	২
১.৩ দশমিনা উপজেলার পরিচিতি	২
১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান	২
১.৩.২ আয়তন	২
১.৩.৩ জনসংখ্যা	৩
১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো	৩
১.৪.১ অবকাঠামো	৩
১.৪.২ সামাজিক সম্পদ	৯
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	১৫
১.৪.৪ অন্যান্য সম্পদ	১৬
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	**১৯-৩৪**
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	১৯
২.২ ইউনিয়নের আপদ সমুহ	২০
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র	২১
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	২২
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	২৪
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	২৪
২.৭ সামাজিক মানচিত্র	২৮
২.৮ দূর্যোগ এবং ঝুঁকি মানচিত্র	২৯
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৩০
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৩১
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৩১
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৩২
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৩২
তৃতীয় অধ্যায়: দুর্যোগ ঝুঁকি হ্রাস	**৩৫-৪৬**
৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৩৫
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৩৮
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৪০
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৪১
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৪১
৩.৪.২ দুর্যোগ কালীন প্রস্তুতি	৪৩

৩.৪.৩ দুর্যোগ পরবর্তী প্রস্তুতি ৪৪
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ের ব্যবস্থাদী ৪৬

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান ৪৭-৬৪

৪.১ জরুরী সাড়া প্রদান (EOC) ৪৭
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা ৪৭
৪.২ আপদ কালীন পরিকল্পনা ৪৮
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা ৫০
৪.২.২ সতর্কবার্তা প্রচার ৫০
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি ৫০
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান ৫০
৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন ৫০
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা ৫০
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ ৫১
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা ৫১
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৫১
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৫১
৪.২.১১ মহড়ার আয়োজন করা ৫১
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা ৫১
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ ৫২
৪.৩ উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা ৫২
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৫৭
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৬২
৪.৬ অর্থায়ন ৬২
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ৬৩

পঞ্চম অধ্যায়ঃ উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ৬৫-৮৫

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ৬৫
৫.২ দ্রুত/ আগাম পুনরুদ্ধার ৬৬
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ৬৬
৫.২.২ ধ্বংসাবশেষ পরিস্কার ৬৬
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ৬৭
৫.২.৪ জরুরী জীবীকা সহায়তা ৬৭
সংযুক্তি ১: আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট ৬৮
সংযুক্তি ২ :উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ৬৯
সংযুক্তি ৩: উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা ৭০
সংযুক্তি ৪: আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ৭১
সংযুক্তি ৫: এক নজরে দশমিনা উপজেলা ৭৮
সংযুক্তি ৬: বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী ৭৯
সংযুক্তি ৭: উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে মত বিনিময়/শেয়ারিং এবং সুপারিশ সমুহ ৮০
সংযুক্তি ৮: শিক্ষা প্রতিষ্ঠানের নাম,আবস্থান,শিক্ষক ও শিক্ষার্থীর সংখ্যা ৮১
সংযুক্তি ৯: আপদের মানচিত্র (পোকার আক্রমন) ৮৫
সংযুক্তি ১০: আপদের মানচিত্র (সাইক্লোন) ৮৬
সংযুক্তি ১১: আপদের মানচিত্র (গুড়ি গুড়ি বৃষ্ঠি) ৮৭
সংযুক্তি ১২: আপদের মানচিত্র (বন্যা)(নদী ভাঙ্গন) ৮৮

সংযুক্তি ১৩: আপদের মানচিত্র (অতিবৃষ্টি) ৮৯
সংযুক্তি ১৪: আপদের মানচিত্র (নদী ভাঙ্গন) ৯০
সংযুক্তি ১৫: আপদের মানচিত্র (জলচ্ছাস) ৯১
সংযুক্তি ১৬: আপদের মানচিত্র (টর্নেডো) ৯২
সংযুক্তি ১৭: ঝঁকির মানচিত্র (পোকার আক্রমন) ৯৩
সংযুক্তি ১৮: ঝুঁকির মানচিত্র (সাইক্লোন) ৯৪
সংযুক্তি ১৯: ঝুঁকির মানচিত্র (গুড়ি গুড়ি বৃষ্ঠি) ৯৫
সংযুক্তি ২০: ঝুঁকির মানচিত্র (বন্যা) ৯৬
সংযুক্তি ২১: ঝুঁকির মানচিত্র (অতিবৃষ্টি) ৯৭
সংযুক্তি ২২: ঝুঁকির মানচিত্র (নদী ভাঙ্গন) ৯৮
সংযুক্তি ২৩: ঝুঁকির মানচিত্র (জলচ্ছাস) ৯৯
সংযুক্তি ২৪: ঝুঁকির মানচিত্র (টর্নেডো) ১০০

টেবিলের তালিকা পৃষ্ঠা

টেবিল নম্বর ১.১: জিও কোড নম্বর সহ ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম। ২
টেবিল নম্বর ১.২: ইউনিয়ন ভিত্তিক পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধি, পরিবার ও ভোটার সংখ্যা। ৩
টেবিল নম্বর ১.৩: এলজিডি এর তথ্য মতে এক নজরে দশমিনা উপজেলার রাস্তা। ৮
টেবিল নম্বর ১.৪: এক নজরে দশমিনা উপজেলার হাট বাজার ৮
টেবিল নম্বর ১.৫ : দশমিনা উপজেলার ক্লাব ১৩
টেবিল নম্বর ১.৬: পটুয়াখালী আবহাওয়া কেন্দ্রের বাৎসরিক গড় বৃষ্টিপাত ১৫
টেবিল নম্বর ১.৭: বাৎসরিক গড় তাপমাত্রা ১৫
টেবিল নম্বর ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও ক্ষতিগ্রস্থ ক্ষাতসমূহ। ২০
টেবিল নম্বর ২.২ উপজেলার আপদ সমুহ ২০
টেবিল নম্বর ২.৩: আপদ ভিত্তিক বিপদাপন্নতা ও সক্ষমতা। ২৩
টেবিল নম্বর ২.৪ :আপদ ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা ,বিপদাপন্নের কারণ ও বিপদাপন্ন জনসংখ্যা। ২৪
টেবিল নম্বর ২.৫: উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়। ২৫
টেবিল নম্বর ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি। ৩০
টেবিল নম্বর ২.৭: জীবিকার মৌসুমী দিনপঞ্জি ৩১
টেবিল নম্বর ২.৮ :জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা। ৩১
টেবিল নম্বর ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি। ৩২
টেবিল নম্বর২.১০: খাত ভিত্তিক জলবায়ু পরিবর্তন ও তার সম্ভাব্য প্রভাব। ৩২
টেবিল নম্বর ৩.১: দশমিনা উপজেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ। ৩৫
টেবিল নম্বর ৩.২: দশমিনা উপজেলার চিহ্নিত ঝুঁকিসমূহ নিরসনের সম্ভাব্য উপায়। ৩৮
টেবিল নম্বর ৩.৩: এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৪০
টেবিল নম্বর ৩.৪: দুর্যোগ পূর্ব প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৪১
টেবিল নম্বর ৩.৫: দুর্যোগ কালীন প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৪৩
টেবিল নম্বর ৩.৬: দুর্যোগ পরবর্তী প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৪৪
টেবিল নম্বর ৩.৭: স্বাভাবিক সময়ে প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৪৬
টেবিল নম্বর ৪.১: জরুরী অপারেশন সেন্টার কমিটির সদস্য তালিকা ৪৭
টেবিল নম্বর ৪.২: আপদ কালীন কর্মপরিকল্পনা বাস্তবায়নের ছক। ৪৮
টেবিল নম্বর ৪.৩: উপজেলার নিরাপদ স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৫২
টেবিল নম্বর ৪.৪: উপজেলার আশ্রয় স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৫৮
টেবিল নম্বর ৪.৫: দুর্যোগকালে ব্যবহারযোগ্য উপজেলার অবকাঠামো/ সম্পদ ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ৬২
টেবিল নম্বর ৪.৬: পরিকল্পনা ফলোআপ কমিটির তালিকা। ৬৩
টেবিল নম্বর ৪.৭: পরিকল্পনা বাস্তবায়ন ও রক্ষনাবেক্ষন কমিটির তালিকা। ৬৪
টেবিল নম্বর ৫.১: খাত ভিত্তিক ক্ষয়ক্ষতির মূল্যায়ন। ৬৫

টেবিল নম্বর ৫.২: প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠাকরণ কমিটির তালিকা। ৬৬
টেবিল নম্বর ৫.৩: ধ্বংসাবশেষ পরিস্কারকরণ কমিটির তালিকা। ৬৬
টেবিল নম্বর ৫.৪: জনসেবা পুনরাম্ভকরণ কমিটির তালিকা। ৬৭
টেবিল নম্বর ৫.৫: জরুরী জীবিকা সহায়তাপ্রদান কমিটির তালিকা। ৬৭

চিত্রের তালিকা পৃষ্ঠা

চিত্র ১.১: দশমিনা উপজেলার বাধঁ ভেংগে পানি প্রবেশ। ৪
চিত্রঃ ১.২: দশমিনা উপজেলার স্লুইজ গেট ৪
চিত্র ১.৩: দশমিনা উপজেলার ব্রীজ। ৪
চিত্র ১.৪: বাশবাড়িয়া হয়ে দশমিনা উপজেলা যাওয়ার রাস্তা। ৫
চিত্রঃ ১.৫ দশমিনা উপজেলার গ্রাম্য ঝুকিপুর্ন ইটের রাস্তা। ৬
চিত্রঃ ১.৬: দশমিনা ইউনিয়নের মাটির রাস্তা। ৭
চিত্রঃ ১.৭: দশমিনা উপজেলার সেচ ব্যবস্থা ৮
চিত্রঃ ১.৮: দশমিনা উপজেলার কাঁচা ঘরবাড়ী ৯
চিত্রঃ ১.৯: দশমিনা উপজেলা উচু টিউবয়েল ১০
চিত্রঃ ১.১০: দশমিনা উপজেলার সিল্ড স্যানিটারি ল্যাট্রিন, ১১
চিত্রঃ ১.১১: দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয় কাম সেল্টার। ১২
চিত্রঃ ১.১২: দশমিনা উপজেলার মসজিদ ১২
চিত্রঃ ১.১৩: দশমিনা উপজেলার ঈদগাঁ ময়দান ১২
চিত্রঃ ১.১৪: দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১২
চিত্রঃ ১.১৫: দশমিনা উপজেলার একটি সামাজিক বনায়ন। ১৩
চিত্রঃ ১.১৬: দশমিনা শিল্প বানিজ্য ১৪
চিত্রঃ ১.১৭:দশমিনা উপজেলার বাশবাড়িয়া ইউনিয়নের বৃহত্তম বীজ বর্ধন খামার। ১৪
চিত্রঃ ১.১৮: স্কুল সংলগ্ন খেলার মাঠ দশমিনা উপজেলা ১৪
চিত্রঃ ১.১৯: দশমিনা উপজেলার কৃষিক্ষেত ১৬
চিত্রঃ ১.২০: দশমিনা উপজেলার তেঁতুলিয়া নদী ১৬
চিত্রঃ ১.২১: দশমিনা উপজেলার মাছুয়াখালি খাল। ১৭
চিত্রঃ ১.২২: দশমিনা উপজেলার পুকুরে মৎস্য চাষ। ১৭
চিত্রঃ ২.১: উপজেলা দুর্যোগের সামগ্রিক ইতিহাস ১৯
চিত্রঃ ২.২: ঘূর্ণি ঝড়ে বিদ্ধস্ত উপজেলার একটি গ্রাম। ২১
চিত্রঃ ২.৩: দশমিনায় পূর্ণিমায় পানিবন্দী আউলিয়াপুর গ্রাম। ২১
চিত্র ২.৪: বন্যা প্লাবিত দশমিনা উপজেলা ২১
চিত্রঃ ২.৫: নদী ভাঙ্গনে দশমিনা উপজিলার নদীর তীর। ২২
চিত্রঃ ২.৬ দশমিনা উপজেলার কালবৈশাখী ঝড়। ২২

গ্রাফ চিত্রের তালিকা পৃষ্ঠা

চিত্র ১.১: বিভিন্ন প্রকৃতি অনুসারে ইউনিয়ন ও পৌ্রসভা ভিত্তিক ঘরবাড়ির অবস্থান ৯
চিত্র ১.২: বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত বিশুদ্ধ পানি ব্যবহারকারী পরিবারের শতাংশ হার ১০
চিত্র ১.৩: বিভিন্ন পদ্ধতির পয়ঃনিস্কাশন ব্যবস্থা ব্যবহারকারী পরিবারের শতাংশ পরিসংখ্যান ১১

মানচিত্রের তালিকা পৃষ্ঠা

মানচিত্র ১.১: উপজেলার মানচিত্র ১৮
মানচিত্র ২.১: উপজেলার সামাজিক মানচিত্র ২৮
মানচিত্র ২.২: উপজেলার আপদ ও ঝুঁকি মানচিত্র ২৯
সংযুক্তি ৯: আপদের মানচিত্র (পোকার আক্রমন) ৮৫
সংযুক্তি ১০: আপদের মানচিত্র (সাইক্লোন) ৮৬
সংযুক্তি ১১: আপদের মানচিত্র (গুড়ি গুড়ি বৃষ্ঠি) ৮৭
সংযুক্তি ১২: আপদের মানচিত্র (বন্যা) ৮৮
সংযুক্তি ১৩: আপদের মানচিত্র (অতিবৃষ্ঠি) ৮৯
সংযুক্তি ১৪: আপদের মানচিত্র (নদী ভাঙ্গন) ৯০
সংযুক্তি ১৫: আপদের মানচিত্র (জলচ্ছাস) ৯১
সংযুক্তি ১৬: আপদের মানচিত্র (টর্নেডো) ৯২
সংযুক্তি ১৭: ঝঁকির মানচিত্র (পোকার আক্রমন) ৯৩
সংযুক্তি ১৮: ঝুঁকির মানচিত্র (সাইক্লোন) ৯৪
সংযুক্তি ১৯: ঝুঁকির মানচিত্র (গুড়ি গুড়ি বৃষ্ঠি) ৯৫
সংযুক্তি ২০: ঝুঁকির মানচিত্র (বন্যা) ৯৬
সংযুক্তি ২১: ঝুঁকির মানচিত্র (অতিবৃষ্ঠি) ৯৭
সংযুক্তি ২২: ঝুঁকির মানচিত্র (নদী ভাঙ্গন) ৯৮
সংযুক্তি ২৩: ঝুঁকির মানচিত্র (জলচ্ছাস) ৯৯
সংযুক্তি ২৪: ঝুঁকির মানচিত্র (টর্নেডো) ১০০

প্রথম অধ্যায়
স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্থ দেশ গুলোর মধ্যে অন্যতম। জলবায়ু পরিবর্তন ভবিষ্যতের ব্যাপার, একথা এখন আর ঠিক নয়, এটা এখনই আমাদের চারপাশে ঘটছে এবং ভবিষ্যৎ পরিবর্তনের লক্ষণগুলো এখনই স্পষ্ট হতে শুরু করেছে। এটি স্পষ্ট ও বাস্তব ঘটনা যা বাংলাদেশের সামাজিক ও মানব উন্নয়নের ক্ষেত্রে মারাত্মক বিরূপ প্রভাব ফেলছে। দেশের দক্ষিনাঞ্চলে ক্রমবর্ধমান ভয়াবহ ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস, উত্তর-পশ্চিমাঞ্চলে খরা, লু-হাওয়া, ভূ-গর্ভস্থ পানির স্তর নেমে যাওয়া, উত্তর-পূর্ব ও মধ্যাঞ্চলে পৌনপৌনিক বন্যা, পাহাড়ী অঞ্চলে ঢল ও ভূমিধ্বস এবং দেশব্যাপী নদীভাঙ্গন এ পরিস্থিতিকে আরও বিপদাপন্ন করে তুলেছে। এগুলোর ভবিষ্যৎ প্রভাবের অনেক কিছুই এখনও সঠিক ভাবে জানা যায়নি এবং সম্ভাব্য প্রতিকার ও ঝুঁকি ব্যবস্থাপনাও অনিশ্চিত।

দুর্যোগের স্থায়ী আদেশবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কমপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কাযকারীতা, নিবিড় ও ফলাফলধর্মী কমপদ্ধতি,সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগনের অংশগ্রহণের উপরে নিভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হবে ।

এদেশে প্রতিটি জেলাই কম বেশি দুর্যোগে আক্রান্ত হয়। পটুয়াখালি জেলার দশমিনা উপজেলা এর মধ্যে অন্যতম। হিমালয়ের কোলঘেষে ছোট্ট বদ্বীপ, বাংলাদেশ। নদী মাতৃক এ দেশে যেনো প্রাকৃতিক সৌন্দর্যের এক অপূর্ব লীলা ভূমি। প্রকৃতি আর জনপদ যেনো এখানে মিলে মিশে এক অপরূপ ভালোবাসার সেতুবন্ধন রচনা করে চলেছে। প্রকৃতি এখানে দ্বৈত স্বাতন্ত্রে, নিজস্ব স্বরূপে বলীয়ান। কখনও সে অসম্ভব কোমল সৌন্দর্যে বিকশিত, আবার কখনও সে, ভীষণ ভয়াল মূর্তীতে মৃত্যু সংহারী রূপে ধাবমান, প্রানঘাতক। ২০০২ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত দুর্যোগের ইতিহাস পর্যবেক্ষন করলে দেখা যায় যে ঘুর্ণীঝড়, জলোচ্ছাস, সাইক্লোন, আইলা, সিডর, অনিয়মিত বৃষ্টিপাত, নদী ভাঙ্গন, ঝড়, বন্যা, খরা এই এলাকায় আঘাত হেনেছে। ঘূর্ণিঝড়, জলচ্ছাস, নদীভাঙ্গন, বন্যা, অনিয়মিত বৃষ্টিপাত, খরা যেন এদেশের চিরাচরিত প্রাকৃতিক ঘটনা। আবহমান কাল ধরেই বাংলার মানুষ সংরাম করে চলেছে, বেচে আছে প্রকৃতির সাথে লড়াই করে। এই আপদ গুলিই উপজেলার প্রধান দুর্যোগ। পটুয়াখালি জেলার দশমিনা উপজেলায় প্রতি বছর দুর্যোগ হয় এবং জনসাধারনের জীবন ও জীবিকার উপর বিরুপ প্রভাব ফেলেছে। প্রতিবছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও জেলা পর্যায়ে কোন রকম পরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসাবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি পটুয়াখালি জেলার দশমিনা উপজেলার জন্য প্রনয়ন করা হয়েছে। এই দলিলের ১ম থেকে ৩য় অধ্যায়ে বাঘা উপজেলার সামাজিক, অর্থনৈতিক, প্রাকৃতিক ও অবকাঠামোগত সংক্ষিপ্ত বর্ণনা, কৌশলপত্রের প্রাসঙ্গিকতা, অন্তর্নিহিত কারণগুলোর রূপরেখা ও বাঘা উপজেলায় জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব, ভিন্ন ভিন্ন অভিযোজন কৌশলের বিবরণ এবং দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানো ও প্রতিরোধক্ষমতা অর্জনের উদ্দেশ্যে ৩-৫ বছরের কর্মপরিকল্পনার সংক্ষিপ্ত রূপরেখা দেয়া হয়েছে। ৪র্থ ও ৫ম অধ্যায়ে সাধারণ মানুষ, বিশেষত সমাজ-রাজনৈতিক কর্মী ও উন্নয়ন কর্মীদের অংশগ্রহনে দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানো ও প্রতিরোধক্ষমতা অর্জনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিকিকরনের রূপরেখা দেয়া হয়েছে।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া থেকে দরিদ্র ও বিপদাপন্ন জনসাধারনের সুরক্ষা এবং একই সঙ্গে দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা রক্ষার উদ্দেশ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়' সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর (সিডিএমপি) অধীনে স্থানীয় জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকি নিরসনকল্পের অংশ হিসেবে একটি বহুমুখী পূর্ব প্রস্তুতিমূলক পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত নিয়েছে। যেহেতু উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনায়, জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ বিপদাপন্নতা মোকাবেলায় জনসাধারণের আর্থসামাজিক উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ও অন্যান্য অবকাঠামোগত উন্নয়নের আগ্রাধিকার নিরূপণ ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ করা হয়েছে সেহেতু এ সম্পর্কে সংশ্লিষ্ট সকলের ধারনা থাকা খুবই গুরুত্বপূর্ণ।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগ এর ঝুঁকি সর্ম্পকে গনসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার সমাজ ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথা সম্ভব স্থানীয় সম্পদ ব্যবহার এর মাধ্যমে ঝুঁকিহ্রাস করণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন, অপসারণ, উদ্ধার, চাহিদা নিরুপণ, ত্রাণ ও তাৎক্ষণিক পুর্নবাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকার এবং নির্দিষ্ট সময় এর জন্য কৌশলগত দলিল তৈরী করা।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারি, আন্তঃর্জাতিক, এনজিও ও দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসাবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এর নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ দশমিনা উপজেলার পরিচিতি

পটুয়াখালি জেলার উপজেলা গুলির মধ্যে পুর্বে অবস্থিত দশমিনা উপজেলা। এ উপজেলাটি ০৬ টি ইউনিয়ন, ৫১ টি গ্রাম ও ৫৫ টি মৌজা নিয়ে গঠিত। উপজেলার পূর্বে দিক দিয়ে বয়ে গ্যাছে তেতুলিয়া নদী, পশ্চিম দিকে রয়েছে পটুয়াখালী সদর, দক্ষিণ দিকে রয়েছে গলাচিপা উপজেলা, উত্তর দিকে রয়েছে বাউফল উপজেলা। এই উপজেলার আয়তন ৩০০.৭৪ বর্গ কিমি। দশমিনা উপজেলাটি কৃষি নির্ভর একটি এলাকা হওয়ায় কৃষি কাজ এ অঞ্চলের সিংহভাগ মানুষের জীবিকার প্রধান উৎস। পটুয়াখালি জেলার দশমিনা উপজেলাটি ধান, বাদাম, আলু, পান, তরমুজ চাষের জন্য বিখ্যাত। এ জেলায় প্রচুর পরিমানে ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খেসারী, মুগ,তিল, সরিষা, তরমুজ, ও পান প্রভৃতি উৎপাদন হয়। এ অঞ্চলের মানুষ কৃষিকাজের সেচ ব্যবস্থার জন্য নদী, খাল ও বৃস্টির পানি ব্যবহার করে। এ উপজেলার বাশবাড়িয়া ইউনিয়নে বি এ ডি সি ভিত্তি বীজ ভান্ডার রয়েছে। এটি বাংলাদেশ এর বৃহত্তম ভিত্তি বীজ ভান্ডার, ১০৪৪ একর এলাকা ব্যাপী নিয়ে গঠিত যা ২০০৯ সালে প্রতিস্ঠিত হয়। দর্শনীয় স্থান হিসাবে বর্তমানে ব্যাপকভাবে পরিচিত। দশমিনা সদর থেকে ২ কিঃমিঃ দূরে দশমিনা ইউনিয়নে অবস্থিত কবিরাজ বাড়ীর বড় দীঘি রয়েছে। যা পুরাতন কৃতিত্বের একটি নিদর্শন।

১.৩.১ ভৌগোলিক অবস্থান

বাংলাদেশের পুর্বে অবস্থিত পটুয়াখালি জেলার অন্তগত ০৮ টি উপজেলার মধ্যে দশমিনা একটি উপজেলা। এর আয়তন ৩০০.৭৪ বর্গ কিমি এর ভুমির প্রকৃতি নিম্নভুমি, এখনে ভুমির উচচতা সমুদ্রস্তর থেকে ৩৩ থেকে ৫০ ফিট। এখানকার বৃষ্টিপাতের গড় ৭৫ মিঃমিঃ। দশমিনা উপজেলার পূর্ব দিকে রয়েছে তেতুলিয়া নদী, পশ্চিম দিকে রয়েছে পটুয়াখালী সদর, দক্ষিণ দিকে রয়েছে গলাচিপা উপজেলা, উত্তর দিকে রয়েছে বাউফল উপজেলা। এ উপজেলার মধ্য দিয়ে ছোট বড় তিনটি নদী প্রবাহিত হয়েছে।

১.৩.২ আয়তন

জেলা সদর হতে মাত্র ৪০ কিঃমিঃ দূরত্বে দশমিনা উপজেলা মোট ০৬টি ইউনিয়ন রয়েছে যা মোট ৩০০.৭৪ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে গঠিত। দশমিনা উপজেলার উত্তরে বাউফল ও পশ্চিমে পটুয়াখালী সদর উপজেলা, গলাচিপা ও পূর্বে লালমোহন উপজেলা । উক্ত উপজেলার মোট মৌজার সংখ্যা ৫৫ টি এবং মোট গ্রামের সংখ্যা ৫১টি।

টেবিল নম্বর ১.১: জিও কোড নম্বর সহ ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম।

উপজেলার নাম ও জিও কোড নম্বর	ইউনিয়নের নাম ও জিও কোডনম্বর	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
	আলিপুর (১০)	চাদপুর, মৌবাড়িয়া, মধুপুর, রুহিতপুর, খালিশা খালি, মীরমদন, পশ্চিম আলিপুর, পূর্ব আলিপুর, আলিপুর। (মোট মৌজা সংখ্যা= ০৯ টি)
	বহরমপুর (২১)	বগুড়া, বহরমপুর, দক্ষিণ আদমপুর, উত্তর আদমপুর। (মোট মৌজা সংখ্যা= ০৪ টি)
	বাশবাড়িয়া	বাশবাড়িয়া, চর বাশবাড়িয়া, চর ধান্ধানিয়া, চর হুস্নাবাদ, দক্ষিণ দাশপাড়া, গাছানি। (মোট

উপজেলার নাম ও জিও কোড নম্বর	ইউনিয়নের নাম ও জিও কোডনম্বর	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
দশমিন (১৫)	(৩১)	মৌজা সংখ্যা= ০৬ টি)
	বেতাগি শাঙ্কিপুরা (৪২)	বেতাগি, বেতাগি রামবল্লভ, বেতাগি শাঙ্কিপুরা, চিঙ্গুরিয়া, দাবাড়িবেতাগি, গরমালি, গোপালদি, জাফ্রাবাদ, বেতাগি জাফ্রাবাদ, খারিজা বেতাগি, মাছুয়াখালি, মাছুয়াখালি চর, সামিরমারদানা, শেরতালু বেতাগি, তাফাল বাড়িয়া। (মোট মৌজা সংখ্যা= ১৫ টি)
	দশমিনা (৫২)	আরাজবেগি, চর দশমিনা, চর হাদি, দশমিনা, গোপালদি নিজাবাদ, কান্তাখালি, লক্ষিপুর, পশ্চিম লক্ষিপুর, পূর্ব লক্ষিপুর, সাইদজাফর। (মোট মৌজা সংখ্যা= ১০ টি)
	রণগোপালদি (৮৪)	আউলিয়া পাড়া, চর বোরহান, চর ঘূণ, চর শাহাজালাল, দক্ষিণ রণগোপালদি, গুলি, জাউথা, পাতার চর, উত্তর রণগোপালদি। (মোট মৌজা সংখ্যা= ০৯ টি)

তথ্য সূত্রঃ উপজেলা তথ্য বাতায়ন, দশমিনা ২০১১

১.৩.৩ জনসংখ্যা

পটুয়াখালি জেলার দশমিনা উপজেলার মোট জনসংখ্যা ১,২৩,৩৮৮ জন যার মধ্যে পুরুষ সংখ্যা ৬০,২৪১ মহিলা সংখ্যা ৬৩,১৪৭। এখানে জনসংখ্যার ঘনত্ব ৩৫১ জন/বর্গ কিঃমিঃ, মোট খানা ২৮,৪৯০। এই উপজেলায় মুসলমান ৮৪%জন, হিন্দু ১৫% জন, অন্যান ০১% খ্রীষ্টান নেই, বৌদ্ধ নেই এবং কোন উপজাতি নেই।

টেবিল নম্বর ১.২: ইউনিয়ন ও পৌরসভা ভিত্তিক পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধি, পরিবার ও ভোটার সংখ্যা।

ইউনিয়নের নাম ও জিও কোড	পুরুষ	মহিলা	শিশু (০-১৫) %	বৃদ্ধ (৬০+) %	প্রতিবন্ধি %	মোট জনসংখ্যা	পরিবার/ খানা	ভোটার
আলিপুর (১০)	১০১৮৩	১০৩৫৫	৩৮.১	৭.২	১.৪	২০৫৩৮	৪৯৮১	১২৪৪৩
বহরমপুর (২১)	৭৪৭৬	৮৪৯৪	৩৭.৬	৯.৯	১.৪	১৫৯৭০	৩৬৭৭	১০৭৯৭
বাশবাড়িয়া (৩১)	৮৮৫০	৯৪০৯	৩৬.৯	৮.৮	১.৩	১৮২৫৯	৪১৭০	১২০৮৩
বেতাগি শাঙ্কিপুরা (৪২)	৯৬২০	১০০৩৮	৩৭.৭	৭.৬	০.৯	১৯৬৫৮	৪৫৪৭	১২৭৫৮
দশমিনা (৫২)	১৩২৩৮	১৪১৫৩	৩৭.১	৭.৮	১.৫	২৭৩৯১	৬০০৩	১৭৩৮০
রণগোপালদি (৮৪)	১০৮৭৮	১০৬৯৮	৩৮.২	৯.২	.৬	২১৫৭৬	৫১১২	১৪৬৫০
মোট	৬০২৪৫	৬৩১৪৭	৩৭.৬	৮.৩	১.২	১২৩৩৯২	২৮৪৯০	৮০১১১

তথ্য সূত্রঃ উপজেলা পরিসংখ্যান অফিস, দশমিনা ও আদমশুমারী, ২০১১

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য

দশমিনা মুলতঃ কৃষি প্রধান উপজেলা। এখানকার সিংহভাগ মানুষের জীবিকার প্রধান উৎস কৃষি ও মৎস। তাই এখানে কৃষি ভিত্তিক কোন শিল্প প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। উপজেলার সকল ওয়ার্ড, ইউনিয়ন পল্লী বিদ্যুতের আওতাধীন। উপজেলায় বেশ কয়েকটি ক্ষুদ্র ও কুটির শিল্প থাকলেও কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠান নেই। এরমধ্যে হাঁস-মুরগীর খামার, গবাদিপশুর খামার, অটো রাইস মিল, ছাপা খানা, ঝালাই কারখানা, কোল্ডস্টোরেজ,ইট-ভাটা এবং বিভিন্ন ধরনের কুটির শিল্প অন্যতম। এছাড়াও শিল্পো-কলকারখানা বরফকল, আটাকল, স'মলি ইত্যাদি রয়েছে। অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য বলতে বাঁধ, স্লুইস গেট,রাস্তাঘাট, ব্রীজ ও কালভার্ট ইত্যাদি বোঝায়।

১.৪.১ অবকাঠামো

দশমিনা উপজেলায় বন্যা ও জোয়ারের পানি প্রবেশ প্রতিরোধ করার জন্য নদীওখালের তীরবর্তী অঞ্চলে ছোট বড় মিলে মোট ৩টি বাধঁ রয়েছে। উক্ত বাঁধ গুলোর সর্বমোট দৈঘ্য প্রায় ৩৫.৫কিমি, নিম্নে ইউনিয়ন ভিত্তিক বাধেঁর অবস্থান পরিসংখ্যান প্রদান করা হলো

বাঁধ

দশমিনা উপজেলাতে ৩৫.৫কিঃমিঃ বাধঁ রয়েছে। দশমিনা কলেজ গেট থেকে হাজির হাট পর্যন্ত ০৬ কিমি। উত্তর রনগোপালদী শরিফ জোমাদ্দার বাড়ী থেকে পশ্চিম দিকে আমির উদ্দিন চৌকিদার বাড়ী হইয়া কালীবাড়ী বাড়ী বাধঁ পর্যন্ত ১০ কিমি ভেড়ী বাধঁ। (যা পুনঃনিরমান দরকার)। উত্তর চরঘুণী লঞ্চঘাট হইতে দঃদিকে আইজ উদ্দিন চৌকিদার বাড়ী পশ্চিম পাশদিয়া ফকিরবাড়ী বাধঁ ঘাট পর্যন্ত ০৩ কিঃমিঃভেরীবাধঁ যা বর্তমানে (১০০০-১৫০০ফিট রয়েছে)।

চিত্রঃ ১.১: দশমিনা উপজেলার বাধঁ ভেংগে পানি প্রবেশ।

স্লুইস গেট

দশমিনা উপজেলাতে নদী ও খালের সংলগ্ন রাস্তায় অসংখ্য স্লুইসগেট রয়েছে। তার মধ্যে উত্তর রনগোপালদী ১টা, মধ্য রনগোপালদীতে ১টা, পুঃআউলিয়াপুরে ১টি, কালারানী বাজারের পুঃপাশে,পাতারচর স্লুইচ বাজারে ১টি, চলাভাংগা খালের দঃ পাশে, ভুতিয়ার খালে ১টি, আলিপুর স্লুইজের বাজারে ১টি স্লুইস গেট রয়েছে।

চিত্রঃ ১.২: দশমিনা উপজেলার স্লুইজ গেট

ব্রীজ ও কালভার্ট

পটুয়াখালি জেলার দশমিনা উপজেলার মধ্যো জালের মত ছড়িয়ে আছে অসংখ্য ছোট বড় নদী ও খাল। ব্যাবসা বানিজ্য পরিচালনার জন্য জেলার সাথে উপজেলা, উপজেলার সাথে ইউনিয়নের সরাসরি যোগাযোগের জন্য এ উপজেলাতে ৩৬৯টি ব্রীজ রয়েছে। ছোট বড় ১৩৫ টি কালভার্ট রয়েছে। এই ব্রীজ গুলো লোহা, কংক্রিট ও কাঠের তৈরী। দশমিনা উপজেলার ৬ টি ইউনিয়নে মোট ৪৬৬টি ব্রীজ/কালভার্ট আছে। নিম্নে তার উল্লেখযোগ্য অংশ দেওয়া হল।

চিত্রঃ ১.৩: দশমিনা উপজেলার ব্রীজ।

দশমিনা রনগোপালদি থেকে টাগরীরহাট হয়ে পটুয়াখালী (দশমিনার অংশ)পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ১২ টি। বাংগালের হাট থেকে বাশারিয়া লঞ্চঘাট পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৫ টি। দশমিনা থেকে হাজিরহাট লঞ্চঘাট পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৩ টি। দশমিনা HQ থেকে আলিপুর হাট পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০২ টি। দশমিনা HQ থেকে রাঙ্গাপালদী হাট হয়ে উলানিয়া গ্রথসেন্টার পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৮ টি। আলীপুর গ্রথসেন্টার থেকে উলানিয়া গ্রথসেন্টার পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৯ টি। গাছানি গ্রথসেন্টার হাজিরহাট গ্রথসেন্টার পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৭ টি।বড়গোপালদী গ্রথসেন্টার আলীপুর গ্রথসেন্টার পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৩ টি। বড়গোপালদী গ্রথসেন্টার থেকে আয়শার হাট RHD পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০৮ টি। দশমিনা ইউপি থেকে খাইরহাট পর্যন্ত রাস্ত, এখানে কালভাট রয়েছে ০৩ টি। দশমিনা U.P থেকে আরজবেগী বাজার পর্যন্ত রাস্তা ,এখানে কালভাট রয়েছে ০৯ টি। দশমিনা UP থেকে মোল্লারহাট পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ১২ টি। রাঙ্গাপালদী UP থেকে রাবিবাড়ীরহাট পর্যন্ত রাস্তা ,এখানে কালভাট রয়েছে ০২ টি। আলিপুর UP থেকে কাপুরিয়াকাতচিরি হাট পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ০২ টি। আলিপুর UP থেকে পাতাবুনিয়া গ্রথ সেন্টার পর্যন্ত রাস্ত, এখানে কালভাট রয়েছে ০৩ টি। বেতাগীসানকিপুর UP থেকে জামিরমৃধার হাট পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ০২ টি। বেতাগীসানকিপুর UP থেকে বাংলার হাট HRS পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ০৩ টি। বাশঁবাড়ীয়া UP থেকে দঃদাশপাটা RHD রোড় পর্যন্ত রাস্তা এখানে কালভাট রয়েছে ০৪ টি। বহরামপুর UP থেকে ঠাকুরের হাট পর্যন্ত রাস্ত, এখানে কালভাট রয়েছে ০৪ টি। দশমিনা ইউপি থেকে মাছুয়াখালীর হাট পর্যন্ত রাস্তা,এখানে কালভাট রয়েছে ০৩ টি। বাশবাড়ীয়া ইউপি থেকে প্রাইমারী স্কুল হাট পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ০২ টি। বাশবাড়ীয়া ইউপি থেকে বগীর বাজার পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ০৪ টি। আলীপুর ইউপি থেকে মধুপুরা হাট পর্যন্ত রাস্তায় কালভাট রয়েছে ০২ টি। রাঙ্গাপালদী ইউপি থেকে পাতারচর চন্দের হাট পর্যন্ত রাস্তা, এখানে কালভাট রয়েছে ০২ টি।

চরবোরহান লঞ্চঘাট থেকে বিরাজের খেয়াঘাট পর্যন্ত রাস্তা, এখানে কোন কালভাট নেই।চরবোরহান আদশ্যগ্রাম থেকে এয়ারথান কেল্লা পর্যন্ত রাস্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। এখানে কোন কালভাট নেই।পুজাখোলা থেকে কাটাখালি টিলা পর্যন্ত রাস্তা এখানে কালভাট রয়েছে ০২টি। চরঘুনী BWDB থেকে পোলগোড়া হাট পর্যন্ত রাস্তা মোট ৩ কিঃমিঃ রাস্তা, এখানে কালভাট রয়েছে০১টি।রামানাত সেন সঃপ্রাঃবিদ্যালয় থেকে পাঞ্চাম আলীরবাড়ী পর্যন্ত রাস্তা, এখানে ১টি কালভাট রয়েছে। হাজিরহাট UZR থেকে দান্দনিয়া BWDB বাধ পর্যন্ত রাস্তা এখানে ১টি কালভাট রয়েছে।নিগাবাদ রেজিঃপ্রাঃবিদ্যাঃ থেকে কাটাখালী BWDB বাধ পর্যন্ত রাস্তা ,এখানে ১টি কালভাট রয়েছে। বাগুরা R&H থেকে কারপুরকাঠী বডার পর্যন্ত রাস্তা, এখানে ১টি কালভাট রয়েছে।

রাস্তা ঘাট

এলজিইডির তথ্য মতে দশমিনা উপজেলাতে মোট রাস্তা সংখ্যা ৩৪৬টি যার দৈ্ঘ্য ৯৩৭.৩৯ কিঃমিঃ এর মধ্যে ৮৩.৬৬ কিঃমিঃ পাঁকা, ৮২২.১৫ কিঃমিঃকাঁচা ও ৩০.২২ কিঃমিঃ ইটের রাস্তা রয়েছে উপজেলা, ইউনিয়ন, গ্রাম্য রাস্তার আবস্থানের কিছু অংশ নিম্নে দেওয়া হল-

চিত্রঃ ১.৪: বাশবাড়িয়া হয়ে দশমিনা উপজেলা যাওয়ার রাস্তা।

উপজেলা রাস্তা

দশমিনা রনগোপালদি থেকে টাগরীরহাট হয়ে পটুয়াখালী (দশমিনার অংশ) পর্যন্ত রাস্তা মোট ১২.৯ কিঃমিঃ, তার মধ্যে পাকা ১২.৯ কিঃমিঃ।বাংগালের হাট থেকে বাশারিয়া লঞ্চঘাট পর্যন্ত রাস্তা মোট ৪.৩ কিঃমিঃ, তার মধ্যে পাকা ৪.৩ কিঃমিঃ। দশমিনা থেকে হাজিরহাট লঞ্চঘাট পর্যন্ত রাস্তা মোট ৩.০৩ কিঃমিঃ,তার মধ্যে ইটের রাস্তা ২.৬৯ কিঃমিঃ। দশমিনা HQ থেকে আলিপুর হাট পর্যন্ত রাস্তা মোট ৬.৮২ কিঃমিঃ,তার মধ্যে পাকা ৬.৮২ কিঃমিঃ । দশমিনা HQ থেকে রাঙ্গাপালদী হাট হয়ে উলানিয়া গ্রথসেন্টার পর্যন্ত রাস্তা মোট ১৫.৭ কিঃমিঃ, তার মধ্যে পাকা ২.১৪ কিঃমিঃ, ইটের রাস্তা ১৩.৫৬ কিঃমিঃ। আলীপুর গ্রথসেন্টার থেকে উলানিয়া গ্রথসেন্টার পর্যন্ত রাস্তা মোট ৯.৫৮ কিঃমিঃ, তার মধ্যে পাকা .৭৫ কিঃমিঃ, কাঁচা ৮.৮৩ কিঃমিঃ। গাছানি গ্রথসেন্টার হাজিরহাট গ্রথসেন্টার পর্যন্ত রাস্তা মোট ৫.৫ কিঃমিঃ,তার মধ্যে পাকা ৫.৫ কিঃমিঃ।বড়গোপালদী গ্রথসেন্টার আলীপুর গ্রথসেন্টার পর্যন্ত রাস্তা মোট ৮.৪ কিঃমিঃ, তার মধ্যে কাঁচা ৮.৪ কিঃমিঃ।বড়গোপালদী গ্রথসেন্টার থেকে আয়শার হাট RHD পর্যন্ত রাস্তা মোট ৮.৫ কিঃমিঃ, তার মধ্যে পাকা ০৫ কিঃমিঃ, কাচা ৩.৫ কিঃমিঃ।

ইউনিয়ন রাস্তা

দশমিনা ইউপি থেকে খাইরহাট পর্যন্ত রাস্তা মোট ৩.৯ কিঃমিঃ,তার মধ্যে কাচা ৩.১৪ কিঃমিঃ,ইটের রাস্তা .০৫ কিঃমিঃ। দশমিনা ইউনিয়ন পরিষদ থেকে আরজবেগী বাজার পর্যন্ত রাস্তা মোট ৫.৩৫ কিঃমিঃ, তার মধ্যে পাকা ৫কিঃমিঃ, কাচা .৩৫ কিঃমিঃ। দশমিনা ইউনিয়ন পরিষদ থেকে মোল্লারহাট পর্যন্ত রাস্তা মোট ৮.৪ কিঃমিঃ,তার মধ্যে পাঁকা ০১ কিঃমিঃ, কাঁচা ৭.৩ কিঃমিঃ। রাঙ্গাপালদী ইউনিয়ন পরিষদ থেকে রাবিবাড়ীরহাট পর্যন্ত রাস্তা মোট ৪.১ কিঃমিঃ, তার মধ্যে পাঁকা ০.৫ কিঃমিঃ, কাঁচা ৩.৩৫ কিঃমিঃ,ইটের রাস্তা .২৫কিঃমিঃ। আলিপুর ইউনিয়ন পরিষদ থেকে কাপুরিয়াকাতচিরি হাট পর্যন্ত রাস্তা মোট ৪.৬ কিঃমিঃ,তার মধ্যে পাঁকা ০১ কিঃমিঃ, কাঁচা ৩.৬ কিঃমিঃ। আলিপুর ইউনিয়ন পরিষদ থেকে পাতাবুনিয়া গ্রথ সেন্টার পর্যন্ত রাস্তা মোট৫.১৫ কিঃমিঃ, তার মধ্যে পাঁকা ২.৪ কিঃমিঃ, কাঁচা ২.৭ কিঃমিঃ। বেতাগীসানকিপুর ইউনিয়ন পরিষদ থেকে জামিরমৃধার হাট পর্যন্ত মোট ৩.১ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে পাঁকা ০১ কিঃমিঃ, কাঁচা ২.৪ কিঃমিঃ। বেতাগীসানকিপুর ইউনিয়ন পরিষদ থেকে বাংলার হাট HRS পর্যন্ত মোট ৭ কিঃমিঃ রাস্তা, কাঁচা ৭ কিঃমিঃ।বাশঁবাড়ীয়া ইউনিয়ন পরিষদ থেকে দঃদাশপাটা RHD রোড় পর্যন্ত রাস্তা মোট ২.১ কিঃমিঃ, কাঁচা ১.৯ কিঃমিঃ। বহরামপুর ইউনিয়ন পরিষদ থেকে ঠাকুরের হাট পর্যন্ত রাস্ত মোট ৮ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে পাঁকা ০ কিঃমিঃ, কাঁচা ৫.২ কিঃমিঃ,ইটের রাস্তা ২.৮ কিঃমিঃ। দশমিনা ইউপি থেকে মাছুয়াখালীর হাট পর্যন্ত রাস্ত মোট ৩.৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে পাঁকা ০১ কিঃমিঃ, কাঁচা ২.৪ কিঃমিঃ। বাশবাড়ীয়া ইউপি থেকে প্রাইমারী স্কুল হাট পর্যন্ত রাস্ত মোট ৪.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৪.৫ কিঃমিঃ রাস্তা। বাশবাড়ীয়া ইউপি থেকে বগীর বাজার পর্যন্ত রাস্ত মোট ২.২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.২ কিঃমিঃ রাস্তা। আলীপুর ইউপি থেকে মধুপুরা হাট পর্যন্ত রাস্তায় মোট ৪.৮কিঃমিঃ, কাঁচা ৪.৮ কিঃমিঃ। রাঙ্গাপালদী ইউপি থেকে পাতারচর চন্দের হাট পর্যন্ত রাস্ত মোট ৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৪ কিঃমিঃ।

ভিলেজ রাস্তা -এ

চরবোরহান লঞ্চঘাট থেকে বিরাজের খেয়াঘাট পর্যন্ত রাস্ত মোট ২.২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.২ কিঃমিঃ। চরবোরহান সাইক্লোন সেল্টার থেকে আদাশ্য গ্রাম পর্যন্ত রাস্ত মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। চরবোরহান আদশ্যগ্রাম থেকে এয়ারথান কেল্লা পর্যন্ত রাস্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। চরবোরহান লঞ্চঘাট থেকে

জয়নাল চৌকিদারের বাড়ী পর্যন্ত রাস্ত মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। মাদ্রাসা চরবোরহান রেজিঃ প্রাঃ বিদ্যালয় থেকে সাইক্লন সেলটার পর্যন্ত রাস্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। পাতারচর সাইক্লন সেল্টার থেকে সত্তার ফরাজির বাড়ি হয়ে দঃ পাতারচর পর্যন্ত রাস্ত মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। পুজাখোলা থেকে কাটাখালি টিলা পর্যন্ত রাস্তা মোট ০৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৪৩ কিঃমিঃ,ইটের রাস্তা১.৫৮ কিঃমিঃ।চরঘুনী BWDB থেকে পোলগোড়া হাট পর্যন্ত রাস্তা মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। চরঘুনী নিবারকান্দা থেকে আউলিয়াপুর হাট পর্যন্ত রাস্তা মোট ৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৪ কিঃমিঃ। কালিবাড়ী বান্দা থেকে উলানিয়া UZR পর্যন্ত রাস্তা মোট ৩.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩.৫ কিঃমিঃ। পাতারচর চন্দেরহাট থেকে রবিবারের হাট পর্যন্ত রাস্তা মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। রামানাত সেন সঃপ্রাঃবিদ্যালয় থেকে পাঞ্চাম আলীরবাড়ী পর্যন্ত রাস্তা মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১ কিঃমিঃ,ইটের রাস্তা ২কিঃমিঃ রাস্তা রয়েছে। টাঙ্কেরবান্দা থেকে বেতাগী ইউপি বডার পর্যন্ত রাস্তা মোট ১.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৫ কিঃমিঃ। টাঙ্কেরবান্দা থেকে আঃরাশেদ ফকিরবাড়ী পর্যন্ত রাস্তা মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ।স্লুইজের হাট থেকে বি বি রয় হাইস্কুল হয়ে স্লুইজ RPS পর্যন্ত রাস্তা মোট ৪.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৪.৫ কিঃমিঃ। রামানাতসেন প্রঃবিদ্যাঃ থেকে চান্দেরহাট পর্যন্ত রাস্তা মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। হাজিরহাট UZR থেকে দান্দনিয়া BWDB বাধ পর্যন্ত রাস্তা মোট ২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২ কিঃমিঃ। গয়নাঘাটা থেকে নায়াভাংগুনি খেয়াঘাট পর্যন্ত রাস্তা মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। নিগাবাদ রেজিঃপ্রাঃবিদ্যাঃ থেকে কাটাখালী BWDB বাধ পর্যন্ত রাস্তা মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। R&HRD থেকে পুঃ চরহোস্নাবাদ মাদ্রাসা পর্যন্ত রাস্তা মোট ২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২ কিঃমিঃ। বাগুরা R&H থেকে কারপুরকাঠী বডার পর্যন্ত রাস্তা মোট ১.৭৮ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৭৮ কিঃমিঃ। রামানাতসেন প্রঃবিদ্যাঃ থেকে চান্দেরহাট পর্যন্ত রাস্তা মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। এখানে কোন কালভাট নেই। হাজিরহাট UZR থেকে দান্দনিয়া BWDB বাধ পর্যন্ত রাস্তা মোট ২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২ কিঃমিঃ। গয়নাঘাটা থেকে নায়াভাংগুনি খেয়াঘাট পর্যন্ত রাস্তা মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। নিগাবাদ রেজিঃপ্রাঃবিদ্যাঃ থেকে কাটাখালী BWDB বাধ পর্যন্ত রাস্তা মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। R&HRD থেকে পুঃ চরহোস্নাবাদ মাদ্রাসা পর্যন্ত রাস্তা মোট ২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২ কিঃমিঃ। বাগুরা R&H থেকে কারপুরকাঠী বডার পর্যন্ত রাস্তা মোট ১.৭৮ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৭৮ কিঃমিঃ। চিকেরগুধি থেকে সিকদারবাড়ী নেহারবারা গোপালদীUZR পর্যন্ত রাস্তা মোট ১.৫কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৫ কিঃমিঃ। বেতাগী সিকদার বাড়ী থেকে চিংগুরিয়ার পুঃপাশ পর্যন্ত মোট ৫কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। বেতাগীহাট থেকে চিংগুরিয়া রোড পর্যন্ত মোট ৩.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩.৫ কিঃমিঃ। খারিজা বেতাগী হাই স্কুল থেকে চিকার স্লুইজ পর্যন্ত মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। ঠাকুরেরহাট থেকে শরিয়াতিয়া দাখিল মাদ্রাসা পর্যন্ত মোট ৬ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৬ কিঃমিঃ। মাছুয়াখালী ব্রীজ থেকে R&H রোড পর্যন্ত মোট ৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৪ কিঃমিঃ। সের আলীর মোল্লাবাড়ী থেকে বাগীরোড পর্যন্ত মোট ৩.৪৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৮৭কিঃমিঃ,ইটের রাস্তা ১.৫৪কিঃমিঃ। বাগী থেকে গাছানীরোড হয়ে BWDB বাঁধ পর্যন্ত মোট ৪ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৪ কিঃমিঃ। আরোজবেগীর হাট থেকে দশমিনা হয়ে আলীপুর রোড পর্যন্ত মোট ৭ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩.৮৫ কিঃমিঃ, পাঁকা ৩.১৫কিঃমিঃ। সাইদ জাফর ব্রীজ থেকে আরোজবেগী ব্রীজ পর্যন্ত মোট ২.৮ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৮ কিঃমিঃ। চাঁদপুর হাট থেকে মধুপুর সাইক্লোন সেল্টার পর্যন্ত মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। যৌথা ব্রীজ থেকে রাঙ্গাপালদী হাই স্কুল পর্যন্ত মোট ৩.৯ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩.৯ কিঃমিঃ। সিদ্দুকুর আহাম্মেদ মোল্লা বাড়ী থেকে যৌথা সাইক্লোন সেল্টার পর্যন্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। আলীপুর বাজার থেকে পাতার চর খেয়াঘাট পর্যন্ত মোট ২.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৫ কিঃমিঃ। পাতারচর খেয়াঘাট থেকে সাইক্লন সেল্টার পর্যন্ত মোট ৩.২৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩.২৫ কিঃমিঃ। পুজাখোলা থেকে হাজিরহাট হয়ে করিম চৌকিদারের বাড়ী পর্যন্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। পোলগোড়ার হাট হাইস্কুল থেকে কাফুলাবমীর বুন্দন পর্যন্ত মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। আনোয়ার মেম্বারবাড়ী থেকে গেদাহাজিরহাট পর্যন্ত মোট ১.৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৫ কিঃমিঃ। বানসিবাড়ীয়া মসজিদ থেকে ধুলু হাওলাদারের বাড়ী পর্যন্ত মোট ২.৮কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২.৮ কিঃমিঃ। চর বানসিবাড়ীয়া আদশ্যগ্রাম থেকে কমিউনিটি ফেরীঘাট পর্যন্ত মোট ৩.২কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩.২ কিঃমিঃ। যৌথা সাইক্লোন সেন্টার থেকে উলানিয়া UZR পর্যন্ত মোট ৫ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৫ কিঃমিঃ। আলীপুর হাট

চিত্রঃ ১.৫: দশমিনা উপজেলার গ্রাম্য ঝুকিপুর্ন ইটের রাস্তা।

থেকে আজাহার খলিফার বাড়ী পর্যন্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। চানপুরা আদশ্য RPS থেকে ডি.চাদপুরা হাফেজিয়া মাদ্রাসা পর্যন্ত মোট ৩ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ৩ কিঃমিঃ। যৌথাব্রীজ থেকে কালিবাড়ীবান্দা পর্যন্ত মোট ২ কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ২ কিঃমিঃ। কাদবানু মেম্বরের বাড়ী থেকে পাঞ্চাম আলীখান বাড়ী পর্যন্ত মোট ১.৫কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৫ কিঃমিঃ। নিযাবাদ আশ্রয়ন থেকে রানুয়াহাট পর্যন্ত মোট ৩.৫কিঃমিঃ রাস্তা, তার মধ্যে কাঁচা ১.৫ কিঃমিঃ,পাকা ১.৪ কিমিঃ, ইটের রাস্তা ০.৬ কিঃমিঃ। পুঃআলিপুর যে আর উচ্চ বিদ্যালয় থেকে টাঙ্কহাট বাধঁ পর্যন্ত ২.৫ কিঃমিঃরাস্তার মধ্যে ২.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। দশমিনা UP অফিস থেকে লতিফ মেম্বারের বাড়ীর কাছের ব্রীজ পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। গইনাঘাট উত্তর ব্যাংক থেকে বড় গোপালদী UZR পর্যন্ত ৪.৫ কিঃমিঃরাস্তার মধ্যে ৪.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। গইনাঘাট থেকে বড় গোপালদী UZR পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। W. চরহাদি আদশ্য গ্রাম থেকে E.আদশ্য গ্রাম পর্যন্ত ৪ কিঃমিঃরাস্তার মধ্যে ৪ কিঃমিঃ কাঁচা রাস্তা। চরহাদি ফরেস্ট অফিস থেকে ভোলা জেলার বর্ডার পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। চরহাদি w.বর্ডার থেকে পুঃ বোপারদের পর্যন্ত ১.৫ কিঃমিঃ রাস্তার মধ্যে ১.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। চরহাদি পঃপাশের খাল থেকে পুঃ ভোলা বডার পর্যন্ত ৩ কিঃমিঃরাস্তার মধ্যে ৩ কিঃমিঃ কাঁচা রাস্তা। চরহাদি সাইক্লোন সেন্টার থেকে পুঃদিকের নদী পর্যন্ত ৩ কিঃমিঃরাস্তার মধ্যে ৩ কিঃমিঃ কাঁচা রাস্তা। চরহাদি পুঃনদী থেকে ফরেস্ট গাডেনের কাছে পুঃবডার পর্যন্ত ৫ কিঃমিঃরাস্তার মধ্যে ৫ কিঃমিঃ কাঁচা রাস্তা।

ভিলেজ রাস্তা- বি

চিত্রঃ ১.৬: দশমিনা ইউনিয়নের মাটির রাস্তা।

পুর্ব বেতাগী প্রাঃ বিদ্যাঃ থেকে চৌমুহনি পর্যন্ত ৪ কিঃমিঃরাস্তার মধ্যে ৪ কিঃমিঃ কাঁচা রাস্তা। বেতাগী সিকদার বাড়ী থেকে মহিসা ভাংগার খাল পর্যন্ত ১,৬৪ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৬৪ কিঃমিঃ কাঁচা রাস্তা। বেতাগী সঃপ্রাঃ বিদ্যাঃ থেকে বেতাগী হাট পর্যন্ত ৩.৭ কিঃমিঃরাস্তার মধ্যে ৩.৭ কিঃমিঃ কাঁচা রাস্তা। মধুখালি ব্রীজ থেকে দঃআদমপুর ইউনুস দারগির বাড়ী পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। বেতাগী খাল বেড়ী থেকে হাতেম আলী ডাঃবাড়ী পর্যন্ত ২.৫ কিঃমিঃরাস্তার মধ্যে ২.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। নেহালগঞ্জ বাজার থেকে আদমপুরার হাট পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। BWDB বাধ থেকে গাছানি খান বাড়ী পর্যন্ত ১.৫ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। কাঁটাখালী BWDB বাধ থেকে দশমিনা বালিকা উচ্চ বিদ্যাঃ পর্যন্ত ৩.৭ কিঃমিঃরাস্তার মধ্যে ৩.৭ কিঃমিঃ কাঁচা রাস্তা। সায়েদ জাফর খাল থেকে BWDB বাধ পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। নুরুল হক মৃধার বাড়ী থেকে বেতাগী ইউনিয়ন পরিষদ বডার পর্যন্ত ২.৬ কিঃমিঃরাস্তার মধ্যে ২.৬ কিঃমিঃ কাঁচা রাস্তা। টাঙ্খের বুন্দা থেকেবেতাগী ইউনিয়ন পরিষদ বডার পর্যন্ত ৫ কিঃমিঃরাস্তার মধ্যে ৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। কাটাখালী বুন্দা থেকে চন্দের খাল পর্যন্ত ১.৭৫ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৭৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। গুলি সঃপ্রাঃ বিদ্যাঃ থেকে ভোলাই শিং সঃ প্রাঃ বিদ্যাঃ পর্যন্ত ২.৫ কিঃমিঃরাস্তার মধ্যে ২.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। বড়গোপালদী হাট থেকে শাফের আলীর বাড়ী পর্যন্ত ২ কিঃমিঃ রাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। দঃ রাম্বালাভ প্রাঃ বিদ্যাঃ থেকে BWDB বাধ পর্যন্ত ১.২২ কিঃমিঃরাস্তার মধ্যে ১.২২ কিঃমিঃ কাঁচা রাস্তা। রাম্বালাভ প্রাঃ বিদ্যাঃ থেকে মজিদের বাড়ী পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। চিকের স্লুইজ থেকে পুঃবেতাগী হাট পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। তাছিমুদ্দিনের বাড়ী থেকে রাম্বাল্লাভ দাখিল মাদ্রাসা পর্যন্ত ৩.২ কিঃমিঃরাস্তার মধ্যে ৩.২ কিঃমিঃ কাঁচা রাস্তা। হাজী মোজ্জাফফার খানের বাড়ী থেকে কদম আলী রারীর বাড়ী থেকে পর্যন্ত ৪ কিঃমিঃরাস্তার মধ্যে ৪ কিঃমিঃ কাঁচা রাস্তা। বাশবাড়ীয়া জাহাংগীর মেম্বার বাড়ী থেকে নেদারল্যন্ড হসপিটাল পর্যন্ত ১ কিঃমিঃরাস্তার মধ্যে ১ কিঃমিঃ কাঁচা রাস্তা। আকবর মৃধার বাড়ী থেকে নিরোধ মাস্টার বাড়ী পর্যন্ত ৩ কিঃমিঃরাস্তার মধ্যে ৩ কিঃমিঃ কাঁচা রাস্তা। বাশবাড়ীয়া শিদু গারজির বাড়ী থেকে আনোয়ার মীরের বাড়ী পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। কচিরখাল বান্দা থেকে মোল্লার হাট হয়ে ইব্রাহিম হাট পর্যন্ত ২ কিঃমিঃরাস্তার মধ্যে ২ কিঃমিঃ কাঁচা রাস্তা। বহরামপুর উঃপাশে ওমর আলীর বাড়ী থেকে হরিচরনের বাড়ী পর্যন্ত ১.৩ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৩ কিঃমিঃ কাঁচা রাস্তা। উঃআদমপুরা মনয়ার আলীর বাড়ী থেকে হাতেম মিয়ার বাড়ী পর্যন্ত ১.৫ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৫ কিঃমিঃ কাঁচা রাস্তা। জিতেন্দ্র শীলের বাড়ী থেকে হামেদ আলীর বাড়ী পর্যন্ত ১.৭ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৭ কিঃমিঃ কাঁচা রাস্তা। তালুকদার বাড়ী থেকে উঃ বহরাম্পুর রারীবাড়ী পর্যন্ত ২.৭ কিঃমিঃরাস্তার মধ্যে ২.৭ কিঃমিঃ কাঁচা রাস্তা। বগুরা তালুকদার বাড়ী থেকে গঞ্জের আলী চৌকিদার বাড়ী পর্যন্ত ১.৪ কিঃমিঃরাস্তার মধ্যে ১.৪ কিঃমিঃ কাঁচা রাস্তা।

টেবিল নম্বর ১.৩: এলজিডি এর তথ্য মতে এক নজরে দশমিনা উপজেলার রাস্তা

রাস্তার প্রকার	সংখ্যা	দৈর্ঘ্য (কি.মি.)	পাকা (কি.মি.)	কাঁচা (কি.মি.)	এইচ বি বি
উপজেলা রাস্তা	০৯ টি	৯০.৫৮	৪৮.১৬	২৬.২৩	১৬.১৯
ইউনিয়ন রাস্তা	১৫ টি	৭২.৬৯	১৫.০০	৫৪.৫৯	৩.১০
গ্রাম্য রাস্তা এ	১১৫ টি	৩৫২.৭৫	১৩.১৫	৩৩২.৬৭	৬.৯৩
গ্রাম্য রাস্তা বি	২০৭ টি	৪১৯.৬৭	৭.০০	৪০৮.৬৭	৪.০০
মোট	৩৪৬টি	৯৩৭.৩৯	৮৩.৬৬	৮২২.১৫	৩০.২২

তথ্য সূত্রঃ উপজেলা এল,জি,ই,ডি অফিস, দশমিনা।

সেচ ব্যবস্থা

চিত্রঃ ১.৭: দশমিনা উপজেলার সেচ ব্যবস্থা

মূলত দশমিনা উপজেলার কৃষি নির্ভর এলাকা হওয়ায় কৃষি কাজ এ অঞ্চলের সিংহভাগ মানুষের জীবিকার প্রধান উৎস। পটুয়াখালি জেলার দশমিনা উপজেলাটি ধান, বাদাম, আলু, পান, তরমুজ চাষের জন্য বিখ্যাত। এ জেলায় প্রচুর পরিমানে ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খেসারী, মুগ,তিল, সরিষা, তরমুজ, ও পান প্রভৃতি উৎপাদন হয়।এ অঞ্চলের মানুষ কৃষিকাজের সেচ ব্যবস্থার জন্য নদী, খাল ও বৃস্টির পানি ব্যবহার করে। পাশাপাশি শুস্ক মৌসুমে এন জি ও কতৃক বসানো গভির নলকূপ,শক্তি চালিত পাম্প ব্যবহার করে থাকে। যদিও বর্তমানে ধান চাষ বহুলাংশে হ্রাস পেয়েছে, তবুও ধানসহ অন্যান্য চাষের জন্য সেচ ব্যবস্হার প্রয়োজন। এ উপজেলাতে মোট নলকুপ সংখ্যা ৪৩৪৭ টি, সরকারী ভাবে বসানো ১৪৩৬ টি গভীর নলকূপ, ২৪২৩ টি আ-গভির নলকুপ, ৪৮৮ টি শক্তি চালিত পাম্প রয়েছে। এ উপজেলাতে কোন বরেন্দ অফিস নেই। কৃষি নির্ভর এ উপজেলায় সেচের আওতাভুক্ত মোট জমি রয়েছে ৩৯,১০৩ হেক্টর । শুষ্ক মৌসুমে এ জমিগুলোতে প্রচুর সেচের প্রয়োজন হয় । তাই সেচ কার্য সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য ব্যবহৃত হচ্ছে নদী, খাল ও বৃস্টির পানির পাশাপাশি এন জি ও কতৃক বসানো আ-গভির, শক্তিচালিত নলকুপ। যা প্রয়জনের তুলনায় খুবই কম।

হাটবাজার

দশমিনা উপজেলা কৃষি ও মৎস প্রধান হলেও এখানে কোন বড় ধরনের শিল্প কারখানা গড়ে ওঠেনি। তবে এ উপজেলায় বেশ কয়েকটি স-মিল,আটা ময়দার মিল, ঝালাই শিল্প ও ইট ভাটা ইত্যাদি শিল্প রয়েছে। এ উপজেলা সামুদ্রীক উপকুলিও অঞ্চল হওয়ায় এখানকার প্রায় প্রত্যেকটি হাট বাজারে মৎস চাষ,ধরার উপকন পাওয়া যায়। এই কৃষিজ শস্য বাজারজাত করতে উপজেলায় মোট ২১ টি হাট-বাজার ও ৪টি গ্রথ সেন্টার রয়েছে। তার মধ্যে-আলিপুর হাট, কালামিয়ার হাট, আলিপুর স্লুইজের হাট, আমতলার হাট, নেহালগঞ্জ হাট,দক্ষিন আদমপুর হাট, গছানির হাট, বাশঁবারিয়া লঞ্চ ঘাট। বড়গোপালদিহাট, ঠাকুরের হাট, জমির মৃধারহাট, বেতাগির হাট,নলখলার হাট, আরজবেগির হাট, হাজির হাট। রন গোপালদির হাট, আউলিয়াপুর হাট, জৌতার হাট। এ সব হাটবাজার থেকে প্রতি বছর প্রচুর পরিমানে ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খিসারী, তিল, সরিষা, তরমুজ, ও পান প্রভৃতি রপ্তানি করা হয়। এছাড়াও এ উপজেলায় স্বর্ণকার, কামার,কুমার,ঝালাই শ্রমিক রয়েছে। এখানে ইউনিয়ন ভিত্তিক হাটবাজার গুলি নিম্নে দেওয়া হলঃ

টেবিল নম্বর ১.৪: এক নজরে দশমিনা উপজেলার হাট বাজার

ইউনিয়নের নাম	হাট বাজার
আলিপুর	আলিপুর হাট, কালামিয়ার হাট, আলিপুর স্লুইজের হাট।
বহরমপুর	আমতলার হাট, নেহালগঞ্জ হাট, দক্ষিন আদমপুর হাট।
বাশবাড়িয়া	গছানির হাট, বাশঁবারিয়া লঞ্চ ঘাট।
বেতাগি শাঙ্কিপুরা	বড়গোপালদিহাট, ঠাকুরের হাট, জমির মৃধারহাট, বেতাগির হাট।
দশমিনা	নলখলার হাট, আরজবেগির হাট, হাজির হাট।
রণগোপালদি	রন গোপালদির হাট, আউলিয়াপুর হাট, জৌতার হাট।

তথ্যসুত্রঃ দশমিনা উপজেলা তথ্য বাতায়ন,২০১১

১.৪.২ সামাজিক সম্পদ

একটি এলাকার বিভিন্ন সামাজিক সম্পদের সমৃদ্ধি সেই এলাকার আর্থ-সামাজিক অবস্থার উপর নির্ভরশীল। গলাচিপা উপজেলার যোগাযোগ ব্যবস্থা, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, প্রার্থনাস্থান, খেলার মাঠ, আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ডাকঘর, বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন, বনায়ন প্রভৃতি সামাজিক সম্পদ হিসেবে পরিগণিত হয়। অত্র এলাকায় অবস্থিত এনজিও সমূহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করায় তাদেরকেও সামাজিক সম্পদ হিসেবে চিহ্নিত করা হয়েছে। *(তথ্যসূত্রঃউপজেলা ও ইউনিয়ন পরিষদ, দশমিনা)*

ঘরবাড়ি

সমুদ্র উপকুলীও অঞ্চল হওয়ায় এ উপজেলার আওতায় ঘরবাড়ি সাধারনত মাটি, গাছ, টিন, বাঁশ, ইট, গোলপাতা, খড়, মাটির টালি, ইট, বালি, রড, সিমেন্ট প্রভৃতি ব্যবহার করে নির্মাণ করা হয়। মাটির প্রকৃতি বেলে ওদোয়াশ। এ অঞ্চলে টিন ও কাঠের তৈরী পাটাতন দোতলা লক্ষ্য করা য়ায়, তাছাড়া এ এলাকায় ইট,বালি,সিমেন্ট,রড় দ্বারা তৈরী দালানকোঠার সংখ্যা খুবই কম। উৎপাদিত শষ্য সংরক্ষণের জন্য ঘরবাড়ি গুলোর কাঠামো পাটাতন ও টপ সিস্টেমের তৈরি করা হয়ে থাকে। *(তথ্যসূত্রঃ বাংলাদেশ পরিসংখ্যান বুরো, ২০১১)*

চিত্রঃ ১.৮: দশমিনা উপজেলার কাঁচা ঘরবাড়ী



	আলিপুর	বহরমপুর	বাশবাড়িয়া	বেতাগি শাঙ্কিপুরা	দশমিনা	রণগোপালদি
পাকা %	০.৬	১.	০.৮	০.৬	২.৩	০.৮
আধাপাকা %	২.৩	১.৪	৩.	১.৮	৬.২	১.৩
কাচা%	৯৬.৬	৯৫.৮	৯৫.৯	৯৬.৫	৮৮.৩	৯১.৯
ঝুপড়ি %	০.৮	১.৯	০.২	১.১	৩.৩	৬.

গ্রাফচিত্র ১.১: বিভিন্ন প্রকৃতি অনুসারে ইউনিয়ন ও পৌরসভা ভিত্তিক ঘরবাড়ির অবস্থা। *তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১*

গ্রাফচিত্র বিশ্লেষণ করলে দেখা যায় দশমিনা উপজেলায় সকল ইউনিয়নে শতকরা ১.১% পাঁকা, ২.৮% আধাপাঁকা, ৯৩.৭% কাঁচা এবং ২.৪% ঝুপড়ি জাতীয় ঘরবাড়ি রয়েছে। যেহেতু এই সব ইউনিয়নে কাঁচা ও আধাপাকা ঘরের সংখ্যা অত্যাধিক এবং চর অঞ্চলে ঝুপড়ি ঘর বেশী সুতরাং বন্যা, কালবৈশাখী ঝড়,জলচ্ছাস, ঘুর্ণীঝড়, নদী ভাঙ্গন প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগে অত্র ইউনিয়নের মানুষ ও গবাদিপশু অত্যন্ত ঝুঁকিগ্রস্থ অবস্থায় বসবাস করে ও প্রতিবছর ক্ষতিগ্রস্থ হয়।

পানি

চিত্রঃ ১.৯: দশমিনা উপজেলা উচু টিউবয়েল

দশমিনা উপজেলার খাওয়ার পানির জন্য এ উপজেলাতে মোট নলকুপ সংখ্যা ৪৩৪৭ টি, সরকারী ভাবে বসানো ১৪৩৬ টি গভীর নলকূপ,২৪২৩টি আ-গভির নলকুপ, ৪৮৮টি শক্তি চালিত পাম্প রয়েছে। এ উপজেলাতে কোন বরেন্দ অফিস নেই। যার মধ্যে ৩৪ টি টিউবওয়েল নস্ট রয়েছে। এ উপজেলার মানুষ শতকরা অনুসারে ০.২% ট্যাপ, ৯৪.৬% টিউবওয়েল ও ৫.২% অন্যান্য। উপজেলার খাওয়ার পানির উৎস গভির নলকুপ ব্যাবহার করে থাকে। এ উপজেলায় পানির বর্তমান স্তর ০ থেকে ৫.৩মিটার। পানির বর্তমান স্তর থেকে লেয়ার কম হলে এ আঞ্চলের নলকুপে লবন পানি দেখা যায় না। এ উপজেলাতে ৭০ টি উঁচু টিউবওয়েল রয়েছে যা, বন্যা বা জলচ্ছাসের সময় ডুবে যায় না, উপজেলা জন স্বাস্থ্য প্রকৌশলি অফিসের তথ্য মতে আলিপুরে ৩৪৩ টি টিউবওয়েলের মধ্যে ০৪ টি নস্ট রয়েছ। বহরাম পুরে ২৫৪ টি সরকারি টিউবওয়েলের মধ্যে ০৪ টি নস্ট রয়েছ। বাশবাড়ীয়ায় ৩০৭ টি সরকারি টিউবওয়েলের মধ্যে ০২ টি নস্ট রয়েছ। বেতাগী সাঙ্কিপুরে ২৯০ টি সরকারি টিউবওয়েলের মধ্যে ০৫ টি নস্ট রয়েছ। দশমিনাতে ৪৫৩ টি সরকারি টিউবওয়েলের মধ্যে ১৬ টি নস্ট রয়েছ। রনগোপালদীতে ২৮৯ টি সরকারি টিউবওয়েলের মধ্যে ১৫ টি নস্ট রয়েছে। উচু টিউবওয়েল গুলি দূর্যোগের সময় সুপিয় খাবার পানি গামবাসির তৃষ্ণা মিটাতে বিশষ ভুমিকা পালন করে থাকে। *(তথ্যসূত্রঃদশমিনা উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস)*

	আলিপুর	বহরমপুর	বাশবাড়িয়া	বেতাগি শাঙ্কিপুরা	দশমিনা	রাণগোপাল দি
ট্যাপ %	০.১	০	০	০.১	০.৫	০.৪
টিউবওয়েল %	৯৭.১	৯৭.৪	৯৬.৬	৮৫.৯	৯৪.৪	৯৬.৬
অন্যান্য %	২.৮	২.৬	৩.৪	১৩.৯	৫.১	৩.



গ্রাফচিত্র ১.২: বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত বিশুদ্ধ পানি ব্যবহারকারী পরিবারের শতাংশ হার। *তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১*

গ্রাফ চিত্রের পরিসংখ্যান বিশ্লেষণ করলে দেখা যায় দশমিনা উপজেলার ৬টি ইউনিয়নে মোট ৯৪.৬%পরিবারের মানুষ খাবার পানির উৎস হিসেবে নলকূপের পানি, ০.২% পরিবারের মানুষ ট্যাপের পানি এবং ৫.২% মানুষ অন্যান্য উৎস যেমন পুকুর, খাল/ খাড়ি, নদী ইত্যাদি থেকে পানি সংগ্রহ ও ব্যবহার করে থাকে। এছাড়া সহ সকল ইউনিয়নেই বিশুদ্ধ পানির বিকল্প উৎসের বিকল্প ব্যবস্থা নেই। ফলে খরা মৌসুমে যখন ভূ-গর্ভস্থ পানির স্তর নেমে যায় এবং নলকূপের স্বাভাবিক পানির সরবরাহ ব্যাহত হয় তখন অত্র এলাকার জনসাধারণ বিশেষ করে শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী ও প্রসুতি মা এবং গবাদি পশুপাখি ঝুঁকিগ্রস্থ অবস্থায় পতিত হয়। বিভিন্ন পানিবাহিত রোগের প্রকোপ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা দেখা দেয়। এখন থেকেই যদি বিশুদ্ধ পানির বিকল্প ব্যবস্থার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা না হয় এবং অদূর ভবিষ্যতে যদি ভয়ংকর আর্সেনিকের বিস্তার ঘটে

তাহলে এ উপজেলায় মানবিক বিপর্যয় ঘটবে সেকথা সহজেই অনুমেয়। (*তথ্যসূত্রঃদশমিনা উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) অফিস*

পয়ঃনিস্কাশন ব্যবস্থা

চিত্রঃ ১.১০: দশমিনা উপজেলার সিল্ড স্যানিটারি ল্যাট্রিন,

এই উপজেলার সেনিটেশন কভারেজ ৭১.৭১% তাই সঠিক পয়ঃনিস্কাশন ও স্বাস্থ্য ঝুঁকি নিশ্চিত করতে দশমিনা উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিজ খরচে খুচরা যন্ত্রাংশ ক্রয় সাপেক্ষে নলকুপ মেরামত করে দেয়, সরকার নির্ধারিত মুল্যে স্লাব রিং বিক্রয়/সরবরাহ করে, পানিতে আর্সেনিকের মাত্রা পরীক্ষা করে (সীমিত আকারে), উপজেলা হেড কোয়ার্টারে পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ করে, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন তৈরির ব্যাপারে জনসাধারণকে পরামর্শ প্রদান করে এবং দুর্যোগকালীন সময়ে স্থানীয় প্রশাসনের সাথে সহযোগিতামুলক কার্যক্রম পরিচালনা করে থাকে। দশমিনা উপজেলার বিভিন্ন ইউনিয়নে পয়ঃনিস্কাশন ব্যবস্থার তুলনামূলক পরিসংখ্যান (শতকরা হার) গ্রাফচিত্রের মাধ্যমে তুলে ধরা হল। (*তথ্যসূত্রঃ উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দশমিনা)*



		আলিপুর	বহরমপুর	বাশবাড়িয়া	বেতাগি শাঙ্কিপুরা	দশমিনা	রাণগোপালদি
পয়ঃনিস্কাশন (ওয়াটার সিল্ড) %		১.৪	৩৭.৮	৪৬.৪	৭.৯	৩২.৭	১৩.১
পয়ঃনিস্কাশন	0	৯৩.৮	৫০.৪	৪৪.৫	৩৮.	৪৫.৫	৪৮.২
অস্বাস্থ্যকর %		৪.৪	৮.৯	৮.১	৫০.৮	১৮.	৩৪.৫
নাই %		০.৪	২.৯	১.	৩.৩	৩.৮	৪.২

গ্রাফচিত্র ১.৩: বিভিন্ন পদ্ধতির পয়:নিষ্কাশন ব্যবস্থা ব্যবহারকারী। তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১

গ্রাফ চিত্র বিশ্লেষণ করলে দেখা যায় দশমিনা উপজেলায় পয়ঃনিস্কাশনের জন্য ব্যবহার করে শতকরা ২৩.২% ভাগ সিল্ড স্যানিটারি ল্যাট্রিন, ৫৩.৪% ভাগ নন-সিল্ড স্যানিটারি ল্যাট্রিন ২০.৮% ভাগ নন-স্যানিটারি ল্যাট্রিন, এবং ২.৬% ভাগ পরিবারে স্যানিটারি ল্যাট্রিন সুবিধা বঞ্চিত। উপজেলার ৬টি ইউনিয়ন ইউনিয়নে অস্বাস্থ্যসম্মত পয়ঃনিস্কাশন ব্যবস্থা ব্যবহারকারী পরিবারের সংখ্যা অত্যন্ত বেশী। স্বাস্থ্যসম্মত (ওয়াটার সীল্ড এবং নন ওয়াটার সীল্ড) পয়ঃনিস্কাশন ব্যবস্থাও খুবই নাজুক অবস্থায় রয়েছে। এছাড়া পয়ঃনিস্কাশন ব্যবস্থা নেই এমন পরিবার রয়েছে ফলে খরা, বন্যা, জলাবদ্ধতা, কালবৈশাখী মৌসুমে যখন পয়ঃনিস্কাশন ব্যবস্থা প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে ভেঙ্গে পড়ে তখন অত্র এলাকার জনগন বিশেষ করে শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী ও প্রসূতি মা এমনকি গবাদি পশুপাখিও মারাত্নক ঝুঁকির মধ্যে পতিত হয়।

শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

পটুয়াখালি জেলার দশমিনা উপজেলার প্রায় ৬৫% শিক্ষিত, পুরুষ ৬৮%,মহিলা ৬২% পটুয়াখালি জেলার দশমিনা উপজেলাতে ১৪৩ টি সঃ প্রাঃ বিদ্যালয় (নতুন রেজীঃসরকারী সহ), বেসরকারি প্রাঃবিদ্যালয় ৩৮ টি, মাধ্যমিক উচচ বিদ্যালয় ১৬ টি, আন্যান্ন ২৬টি,২২ টি মাদ্রাসা সহ সরকারী/বেসরকারি ৪ টি কলেজ রয়েছে। দুর্যোগ কালিন সময়ে এই শিক্ষা প্রতিস্টান গুলি আশ্রয় কেন্দ্র

হিসাবে ব্যাবহার করা হয়। নিম্নে দশমিনা উপজেলায় অন্তর্গত ইউনিয়ন সমূহের শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত তালিকা সংযুক্তি ৮: এ প্রদান করা হয়েছে।

চিত্রঃ ১.১১: দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয় কাম সেল্টার।

ধর্মীয় প্রতিষ্ঠান

দশমিনা উপজেলায় ইসলাম, সনাতন, বৌদ্ধ ইত্যাদি ধর্মের মানুষ বাস করে। এ উপজেলায় মসজিদ ১২৬ টি, মন্দির ৪৪ টি, বৌদ্ধ বিহার নেই, প্যাগোডা নেই এবং কোন গির্জা নেই।

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্)

এ উপজেলাতে ৯০ টি ঈদগাঁহ্ রয়েছে। মুসলিম ধর্মের অনুসারিরা বৎসরে ২বার একসংঘে মিলিত হয় ও জামাতে নামাজ আদায় করে। এই ঈদ গা গুলি সাধারনত কোন নিদ্রিস্ট সন্তানের খোলা ময়দান অথবা মসজিদের জামায়ত মাঠকে ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্) হিসাবে ব্যাবহার করে।দুযোগের সময় এই মাঠগুলি আশ্রয় স্থান হিসাবে ব্যবহিত হয়।

চিত্রঃ ১.১২: দশমিনা উপজেলার মসজিদ

চিত্রঃ ১.১৩: দশমিনা উপজেলার ঈদগাঁ ময়দান

স্বাস্থ্য সেবা

উপজেলাতে একটি ৫০ শয্যা বিশিষ্ট ০১ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আছে। উপজেলা সাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র রয়েছে ১৬ টি, ডাক্তার ০৯জন, সিনিয়র নার্স ১৩ জন,সহকারী নার্স ০১জন,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ১১টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ১৩ টি, এম.সি.এইচ. ইউনিট ০১টি, এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৫,৮৩৩ জন।

চিত্রঃ ১.১৪: দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

ব্যাংক

দশমিনা উপজেলার উল্লেখযোগ্য ব্যাংকসমূহ হল- বাংলাদেশ কৃষি ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রনী ব্যাংক, গ্রামীন কৃষি উন্নয়ন ব্যাংক। এই উপজেলাতে মোট ০৫ টি ব্যাংক রয়েছে।*(তথ্য সূত্র, উপজেলা ও ইউনিয়ন পরিষদ,দশমিনা)*

পোষ্ট অফিস/সাব পোষ্ট অফিস

অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি ডাক বিভাগেও আধুনিকতার ছোঁয়া বিদ্যমান। দশমিনা উপজেলাতে পোস্ট অফিস/সাব-পোস্ট অফিস ০৭টি। *(তথ্য সূত্র, উপজেলা ও ইউনিয়ন পরিষদ,দশমিনা)*

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র/বিনোদন: দশমিনা উপজেলাতে ২২ টি ক্লাব রয়েছে।নিম্নে টেবিলে ক্রীড়া সংগঠন ক্লাব গুলির কিছু অংশ দেওয়া হল।*(তথ্যসুত্রঃ উপজেলাও ইউনিয়ন পরিষদ,দশমিনা)*

টেবিল নম্বর ১.৫ : দশমিনা উপজেলার ক্লাব / ক্রীড়া সংগঠন।

ক্রীড়া সংগঠন	ইউনিয়ন
উপজেলা পরিষদ একাদশ ক্লাব।	দশমিনা
টিএন্টি একাদশ ক্লাব।	দশমিনা
মোল্লা একাদশ ক্লাব	দশমিনা
উপজেলা পরিষদ একাদশ ক্লাব।	দশমিনা
টিএন্টি একাদশ ক্লাব।	দশমিনা
মোল্লা একাদশ ক্লাব।	দশমিনা
উপজেলা পরিষদ একাদশ ক্লাব।	দশমিনা
টিএন্টি একাদশ ক্লাব।	দশমিনা
মোল্লা একাদশ ক্লাব।	দশমিনা
উপজেলা পরিষদ একাদশ ক্লাব।	দশমিনা
টিএন্টি একাদশ ক্লাব।	দশমিনা
মোল্লা একাদশ ক্লাব।	দশমিনা
মাছুয়াখালী বড় হাজী বাড়ী ক্রিড়া সংঙ্গা।	আলীপুর
বড় গোপালদী ক্রীড়া সংঙ্গা।	আলীপুর
ঠাকুরের হাট ক্রীড়া সংঙ্গা।	আলীপুর
বেতাগী হাট ক্রীড়া সংঙ্গা।	আলীপুর
জমির মৃধা হাট ক্রীড়া সংঙ্গা।	আলীপুর
জলিসা বাজার ক্রিড়া সংঘ।	বাশবাড়ীয়া
কদমতলা হোসনাবাদ ক্রিড়া একাদশ।	বাশবাড়ীয়া
ছোপখালী ক্রিড়া সংঘ।	বাশবাড়ীয়া

তথ্যসুত্রঃ উপজেলা ও ইউনিয়ন পরিষদ,দশমিনা

বনায়ন

দশমিনা পটুয়াখালির দশমিনা উপজেলাটি একটি দূর্যোগ প্রবণ অঞ্চল। প্রাকৃতিক দূর্যোগ ও লবনাক্ততার কারণে এখানে বনাঞ্চল প্রতিবছর হ্রাস পাচ্ছে। তবে স্থানীয় লোক প্রশাসন ও এনজিও দের উদ্দ্যোগে সামাজিকভাবে বনভূমি সৃষ্টির প্রক্রিয়া চলছে। বনভূমি প্রায় শতকরা ১২ শতাংশ। এছাড়াও এনজিওদের কর্মতৎপরতার কারনে এলাকার লোকজন এখন স্থানীয় ভাবে সামাজিক বনায়নের উপর যথেষ্ঠ জোর দিয়েছে। ব্যক্তিগতভাবেও চলছে বনায়নের কাজ। দশমিনা উপজেলাতে ১০হেঃ বনায়ন রয়েছে।

চিত্রঃ ১.১৫: দশমিনা উপজেলার একটি সামাজিক বনায়ন।

শিল্প কলকারখানা

দশমিনা উপজেলাইয় শতকরা ৯০ ভাগ মানুষ ই কৃষি ও মৎস্যের উপর নির্ভরশীল। এ ইউপজেলায় কোন বৃহৎ শিল্প, ক্ষুদ্র কুটির শিল্প, গড়ে উঠেনি, খুবই অল্প সংখ্যক লোক সরকারী চাকরীতে কর্মরত। এ উপজেলাতে ছোট পরিশরে গাছের ব্যবসা, মাছের ব্যবসা, চাল ও ডালের ব্যবসা রয়েছে।

গুরুত্বপূর্ণ স্থাপনা

এই উপজেলাতে বি এ ডি সি ভিত্তি বীজ ভান্ডার যা বাশবাড়িয়া ইউনিয়ন এ অবস্থিত। এটি বাংলাদেশ এর বৃহত্তম ভিত্তি বীজ ভান্ডার যা ১০৪৪ একর এলাকা ব্যাপী এবং ২০০৯ সালে প্রতিস্থিত।

চিত্রঃ ১.১৬: দশমিনা শিল্প বানিজ্য

চিত্রঃ ১.১৭:দশমিনা উপজেলার বাশবাড়িয়া ইউনিয়নের বৃহত্তম বীজ বর্ধন খামার।

এনজিও / সেবাদানকারী সংস্থা

দশমিনা উপজেলা দুর্যোগ ঝুঁকি প্রবন এলাকা হওয়ায় জনসাধারনের জীবনযাত্রার মান উন্নতিকল্পে বিভিন্ন সময়ে ব-জি,ও এখানে তাদের কর্মকান্ড পরিচালনা করে আসছে। এদের মধ্যে সিসিডিপি, উল্লেখযোগ্য। পরিবার পরিকল্পনা, মাইক্রোক্রেডিট, শিমু শিক্ষা, নারী নির্যাতন, স্যানিটেশন, মাইক্রোক্রেডিট, স্যানিটেশন, দুস্থদের আইনী সহায়তা, স্বাস্থ্য সেবা, চোখের রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা, দরিদ্রদের বিনামূল্যে চিকিৎসা, মা ও শিশু স্বাস্থ্য, শিশু শিক্ষা।

খেলার মাঠ

দশমিনা উপজেলায় প্রায় প্রতিটি স্কুল সংলগ্ন খেলার মাঠ রয়েছে। এ উপজেলাতে শতাধিক খেলার মাঠের মধ্য ১৫ টি উচু মাঠ রয়েছে। যা দুর্যোগ কালিন সময়ে আশ্রয় স্থান হিসাবে ব্যবহিত হয়।

চিত্রঃ ১.১৮: স্কুল সংলগ্ন খেলার মাঠ দশমিনা উপজেলা

কবরস্থান / শ্মশানঘাট

দশমিনা উপজেলাতে ৫৮ টি কবরস্থান ও ব্যক্তিগত কয়েকটি শ্মশানঘাট রয়েছে। দশমিনা উপজেলা পরিষদের তথ্য অনুসারে গলাচিপা উপজেলাতে কোন সরকারী কবরস্থান নেই এবং ইউনিয়ন ভিত্তিক শ্মশানঘাট রয়েছে। উত্তর বাশঁবাড়িয়া ও পূর্ব আউলিয়াপুরের কিছু কিছু কবরস্থান জোয়ারের পানি্তে ডুবে যায়। তবে নদীর তীরবর্তী গ্রাম গুলির কবরস্তান গুলি জোয়ারের পানিতে নিম্নজিত থাকে।

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

দশমিনা উপজেলায় যোগাযোগ ও পরিবহনের মাধ্যম হিসাবে মুলত সড়ক পথ ও নদী পথকে ব্যাবহার করে থাকে। রিক্সা, মটর সাইকেল, নছিমন এ অঞ্চলের যাতায়তের প্রধান মাধ্যম। এ উপজেলার রাস্তার দৈর্ঘ্য ৮৯৫.০৪ কিঃমিঃ। উপজেলা রাস্তা ৯ টি যার মোট দৈর্ঘ্য ৭৫.০৫ কিঃমিঃ, গ্রামীণ সড়ক A ১১৫ টি যার দৈর্ঘ্য ৩৩৬.৭২ কিঃমিঃ, গ্রামীণ সড়ক B ২০৬ টি যার দৈর্ঘ্য ৪১২.৬৬ কিঃমিঃ। *(তথ্যসূত্রঃ এলজিইডি, দশমিনা উপজেলা)*

বন ও বনায়ন

দশমিনা উপজেলায় গাছপালা ও বনায়নের জন্য যথেষ্ট সুনাম রয়েছে। এই উপজেলাতে প্রচুর ফলের গাছ আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া, বাবলা, বরই, সফেদা গাছ রয়েছে। এ উপজেলায় সরকারিভাবে ১০ হেক্টর বনায়ন রয়েছে যা উপজেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে। *(তথ্যসুত্রঃ উপজেলাও ইউনিয়ন পরিষদ,দশমিনা)*

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

জলবায়ু বলতে কোন নির্দিষ্ট অঞ্চলের নির্দিষ্ট সময়ের বৃষ্টিপাত, তাপমাত্রা, তুষারপাত, শিশিরপাত, শিলাবৃষ্টি, কুয়াশা ও আর্দ্রতা সম্বলিত গড় আবহাওয়াকে বুঝায়। বৃষ্টিপাত ও তাপমাত্রার পরিমাণ প্রাকৃতিকভাবে জন্মানো উদ্ভিদ ও আবাদি ফসলের ধরণ নির্ধারণ করে। তাই ঋতুভেদে বিভিন্ন ফসল বিভিন্ন অঞ্চলে জন্মায়। দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে বৃষ্টিপাত হয়। জলবায়ুর উপাত্ত বিশ্লেষণে দেখাযায় যে, বাংলাদেশের অন্যান্য অঞ্চলের মত এ উপজেলায়ও ক্রান্তিয় মৌসুমী জলবায়ুর অন্তর্গত। এখানে ষড়ঋতুর মধ্যে প্রধানত তিনটি মৌসুম জোরালো ভাবে পরিলক্ষিত হয়। বর্ষা মৌসুম সাধারণত মে হতে অক্টোবর মাস পর্যন্ত স্থায়ী হয়। শতকরা প্রায় ৯১ ভাগ বর্ষণ এ সময় হয়। বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রকোপ প্রধানত মে-নভেম্বর মাসে বেশী হয়। কোন কোন বছর এ অঞ্চল ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছাসে আক্রান্ত হয়ে থাকে। শীতকাল আরম্ভ হয় নভেম্বরে এবং শেষ হয় ফেব্রুয়ারি মাসে। এ মৌসুম অত্যন্ত শুষ্ক ও শীতল, কখনও কখনও সামান্য বৃষ্টিপাত হয়। মার্চ ও এপ্রিল মাসকে গ্রীষ্ম বা প্রাক বর্ষাকাল বলে গণ্য করা হয়। এ সময় বাতাস খুবই উত্তপ্ত হয় এবং বাতাসে জলীয় বাস্প খুবই কম থাকে। মাঝে মাঝে বর্ষণসহ ঝড় বা দমকা বাতাস বইতে থাকে। একে 'কালবৈশাখী' বলা হয়। এ সময় শিলাবৃষ্টিও হয়ে থাকে।

বৃষ্টিপাতের ধারা

বৃষ্টিপাতের বিশ্লেষণে দেখা যায় যে, শীতকালে গড় বৃষ্টিপাত ১১ মিলি মিটার, যা ঐ সময়ের বাস্পীভবনের পরিমাণের চেয়ে কম। দীর্ঘ মেয়াদী পরিসংখ্যানে আরো দেখাযায় যে, বছরে শীত মৌসুমে ৪/৫ মাস প্রায় শুষ্ক থাকে, আবার বর্ষা মৌসুমে কোন মাসে মাত্রাধিক বৃষ্টিপাত হয়। নভেম্বর হতে মার্চ মাস পর্যন্ত বৃষ্টিপাতের মাসিক হার ৭৫মিঃমিঃ এর কম বিধায় এ মাস গুলোকে শুস্ক মাস বলা চলে। গড় বৃষ্টিপাত ও তাপমাত্রা যথাক্রমে নীচে দেখানো হলো- দশমিনা উপজেলার আবহাওয়া পটুয়াখালী কেন্দ্রের আবহাওয়ার প্রায় অনুরূপ হবে বলে ধরা যায়।

টেবিল নম্বর ১.৬: পটুয়াখালী আবহাওয়া কেন্দ্রের বাৎসরিক গড় বৃষ্টিপাত (মিলিমিটার)

মাস	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুল	আগ	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	বাৎসরিক
বৃষ্টিপাত	১৩	১৬	৪৮	১০৯	২৭৪	৫৭৯	৬০০	৫২৪	৪০১	১৭৭	৬২	২০	২৮২৩

মৌসুম	মৌসুমের গড় বৃষ্টিপাত
রবি মৌসুম (নভেম্বর- ফেব্রুয়ারি) প্রাক-খরিপ মৌসুম (র্মাচ-মে) খরিপ মৌসুম (জুন-অক্টোবর)	১১১ ৪৩১ ২,২৮১

তথ্য সূত্রঃ জেলা তথ্য বাতায়ন,পটুয়াখালী, ডিসেম্বর ২০১৩

শীত ও গ্রীষ্মে এই জেলার তাপমাত্রায় যথেষ্ট হ্রাসবৃদ্ধি ঘটে। পটুয়াখালী আবহাওয়া কেন্দ্রের দীর্ঘমেয়াদী গড় তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)

টেবিল নম্বর ১.৭: বাৎসরিক গড় তাপমাত্রা

মাস	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগ	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	বাৎসরিক
তাপ মাত্রা	১৯.০	২১.৮	২৬.২	২৭.৯	২৮.৮	২৮.২	২৭.৪	২৭.৫	২৭.৪	২৭.৭	২৪.৯	২০.৬	২৫.৬

তথ্য সূত্রঃ বাংলাদেশ জেলা তথ্য বাতায়ন,পটুয়াখালী, ডিসেম্বর ২০১৩

ভূ-গর্ভস্থ পানির স্তর:
পটুয়াখালি জেলার দশমিনা উপজেলার ভূ-গর্ভস্থ পানির স্তর ০ থেকে ৫.৩ মিটার। বিস্তারিত পানি চ্যাপ্টারে দেওয়া হয়েছে।

১.৪.৪ অন্যান্য সম্পদ

ভূমি ও ভূমির ব্যবহার
উপজেলার ভূভাগ সমতল থেকে কিছুটা অসমতল পলল ভূমির ডাংগা ও বিল নিয়ে গঠিত। এ উপজেলাকে প্রধানতঃ দু'টি ভূ-প্রাকৃতিক অঞ্চলে ভাগ করা হয়েছে। যথাঃ (ক) কটাল পলল ভূমি এবং (খ) মেঘনা পলল ভূমি। উপজেলার মোট নীট ফসলী জমির পরিমান ১৬,৫০০হেক্টর,যার মধ্যে মোট ফসলী জমি ৩৯,১০৩ হেক্টর। এর মধ্যে এক ফসলী জমি ৩০১৫ হেক্টর, দুই ফসলী জমি ৪৩৬৭ হেক্টর এবং তিন ফসলী জমি ৯০১৮ হেক্টর। মোট খাস জমি ১৩৪৪৮.৬৪ একর, কৃষি জমি ১৩৪৪৫.৭৭ একর, অকৃষি জমি ২.৮৭ একর, বন্দোবস্তযোগ্য কৃষি জমি ৫৩৩.২৭ একর (কৃষি) রয়েছে।

কৃষি ও খাদ্য
প্রধান উৎপন্ন ফসল ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খিসারী, তিল, সরিষা, তরমুজ, ও পান। এছাড়া অত্রএলাকাতে প্রচুর মৌসুমি শাক-সবজি উৎপাদিতৎ হয়। উপজেলাতে মোট জমির পরিমাণ ২৩,৮৩৪ হেক্টর, নীট ফসলী জমি ১৬,৫০০ হেক্টর, মোট ফসলী জমি ৩৯,১০৩ হেক্টর, এক ফসলী জমি ৩,০১৫ হেক্টর, দুই ফসলী জমি ৪,৩৬৭ হেক্টর ও তিন ফসলী জমি ৯,১১৮ হেক্টর। মোট খাস জমি ১৩৪৪৮.৬৪ একর, কৃষি ১৩৪৪৫.৭৭ একর, অকৃষি ২.৮৭ একর, বন্দোবস্তযোগ্য কৃষি জমি ৫৩৩.২৭ একর। দশমিনা উপজেলায় পুকুরের সংখ্যা ১১,৮৮৪টি। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা পূরনের এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই দশমিনা উপজেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন এই বিপুল সম্ভাবনা মাছ উৎপাদনের জন্য সক্ষম। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা পূরনের এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। পূর্বে দশমিনা উপজেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল রয়েছে। বর্তমানে প্রয়োজনীয় চারণভূমি ও গোখাদ্যের অভাবে পশুসম্পদ দিন দিন অনেক কমে যাচ্ছে। বর্তমানে ২২ টি গবাদিপশুর খামার, উন্নত মুরগীর খামারের সংখ্যা ১১ টি, ৯৬টি ব্রয়লার মুরগীর খামার রয়েছে যা মানুষকে স্বাবলম্বী করে তুলতে এবং অর্থনীতিতে বিশেষ ভূমিকা রাখতে সক্ষম হবে।

চিত্রঃ ১.১৯: দশমিনা উপজেলার কৃষিক্ষেত

নদী
বাংলাদেশ একটি নদী মাত্রিক দেশ। এদেশের প্রতিটি অঞ্চলে জালের মত ছড়িয়ে আছে অসংখ্য নদ-নদী। নদী বিধৌত পটুয়াখালি জেলার দশমিনা উপজেলাতে তেতুলিয়া নদীর তীরে অবস্থিত। এ উপজেলায় ২টি বড় নদী তেতুলীয়া নদী ও বুড়া গৌরঙ্গা নদী, ঠাকুরের হাট নামে ছোট ১টি নদী সহ মোট ৩টি নদী রয়েছে। দশমিনা উপজেলার ১নং রণগোপালদী ইউনিয়নের পুর্ব পাশ দিয়ে পাতার চর চন্দ্রর হাট হয়ে আলীপুর ইউনিয়নের পুর্ব দিক হয়ে কালারানীর হাটের পাশ দিয়ে আরোজবেগীর হাট হয়ে দশমিনা ইউনিয়নের হাজীর হাট হয়ে বাশঁবাড়ীয়া প্রঃ স্কুল হাট এর পুর্ব পাশ হয়ে বহরামপুর গেদার হাট পর্যন্ত তেতুলিয়া নদী বহমান।

চিত্রঃ ১.২০: দশমিনা উপজেলার তেঁতুলিয়া নদী

খাল

পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার ০৬টি ইউনিয়নের মধ্য অসংখ্য খাল রয়েছে। বেতাগী সানকিপুর ইউনিয়নের মধ্যে দিয়ে একটি খাল রয়েছে। যা দশমিনা হতে মাছুয়াখালীর মধ্যে দিয়ে বড়গোপালদী, ঠাকুরের হাট,বামভল্লব,জমির মৃধার হাট, চন্দ্রাবা এর মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে। দশমিনা ইউনিয়নের মধ্য রয়েছে দশমিনার খাল, চরহোনাবাদের খাল, আরজবেগীর খাল, কাটা খালীর খাল,তেতুলীয়া নদী, নলখলা খাল ও সৈয়দ জাফর খালগুলির খাল, খলিশাখালীর খাল, পোনহুরা হাঠখোলা খাল, ধলাপাড়া খাল, জিমতলা খাল, হোগলা খাল, কুমারখালী খাল, দশমিনা ভাড়ানী খাল। দশমিনা হয়ে বড় গোপালদী দিয়ে আলীপুর ইউনিয়নের মধ্যে দিয়ে একটি খাল রয়েছে,যা আলীপুর হতে উলানিয়া মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে। এই খালগুলির মোট দৈর্ঘ্য আনুমানিক ৪০-৫০ কিঃমিঃ। *(তথ্যসুত্রঃ উপজেলা ও ইউনিয়ন পরিষদ,দশমিনা)*

চিত্রঃ ১.২১: দশমিনা উপজেলার মাছুয়াখালি খাল।

পুকুর

ওয়েব পোর্টাল ২০১১, অনুসারে পুকুর সংখ্যা ৭,৪৫৪ টি । দশমিনা উপজেলা মৎস্য অফিস পুকুর জরিপের তথ্য অনুযায়ী উপজেলাতে বর্তমান মোট পুকুর ১১,৮৮৪ টি। এর মাঝে ব্যবহার উপযোগী ছিল শতকরা ৬০ ভাগ পুকুর। এ উপজেলায় মৎস্য চাষের ক্ষেত্রে ব্যবসায়ীক উদ্দেশ্যে ১০%এবং পারিবারিক চাহিদা মেটাতে ৯০%পুকুর ব্যবহার করা হয়। *(তথ্যসুত্রঃদশমিনা উপজেলা মৎস্য অফিস)*

চিত্রঃ ১.২২: দশমিনা উপজেলার পুকুরে মৎস্য চাষ।

লবণাক্ততা

উপজেলাতে সাভাবিক সময়ে লবনাক্ততা স্বাভাবিক সময়ে সহনীয় মাত্রায় হলেও বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগের সময় অন্যান্য ক্ষেত্রে ব্যাপক ধ্বংসাত্বক প্রভাব খুব একটা পরিলক্ষিত হয় না। তবে বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলচ্ছাস ও বন্যার কারনে কৃষি জমিতে লবনাক্ততা বেড়ে গিয়ে ফসলের ব্যাপক ক্ষতি হয়। এ উপজেলাতে কোন লবনাক্ততা নাই । *(তথ্যসুত্রঃ দশমিনা উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অফিস)*

আর্সেনিক দুষণ

এই উপজেলার আর্সেনিক প্রবনতা ৩০% এ অঞ্চলের আঞ্চলিক গবেষনাগার সমূহে নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে নলকূপের পানির আর্সেনিক, ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা ও বিভিন্ন ধরনের বায়োলজিক্যাল পরীক্ষা করা হয় হলেও আর্সেনিকের মাত্রা সহনশীল পর্যায়ে রয়ে। *(তথ্যসুত্রঃ দশমিনা উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অফিস)*


Dashmina
Administrative Map
Bahrampur
Betagi Sankipura
Banshbaria
Dashmina
DASHMINA
Alipur
Rangopaldi
N
30,000 15,000 0 30,000 60,000
Kilometers
Legend
International Boundary
Upazila Boundary
District Boundary
Union Boundary
Alipur
Bahrampur
Banshbaria
Betagi Sankipura
Dashmina
Rangopaldi
Upazila
Union
Regional Highways
National Highways
Zilla Road
Upazilla Road(Pucca)
Upazilla Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Village Road A (Pucca)
Village Road A (Katcha)
Village Road B (Pucca)
Village Road B (Katcha)
Railway Network
Embankment
Small River or Khal
Forest
Water Bodies
Wide River
Sandy Area

দ্বিতীয় অধ্যায়
দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

চিত্রঃ ২.১: দুর্যোগের সার্বিক ইতিহাস

দুযোগ হল একটি মারাত্বক পরিস্থিতি যা প্রকৃতি বা মানব সৃস্ঠ আপদের ফল দেখা দেয়। সাধারন অর্থে দুর্যোগ বলতে আপদ বোঝায় কিন্তু সব আপদই দুর্যোগ নয়। আপদ ও বিপাদাপন্নতা এ দুটি উপাদান একত্রে হলেই তাকে দুর্যোগ বলে। দশমিনা উপজেলাটি বাংলাদেশের দক্ষিন প্রান্তে অবস্থিত পটুয়াখালি জেলার একটি উপজেলা হওয়ায়, উপজেলাটি বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ শিকার হয়। এই উপজেলার আয়তন ৩০০.৭৪ বর্গ কিলোমিটার যেখানে ১,১৮,১৮০ জন (প্রায়) জন মানুষ বসবাস করে। বঙ্গাপ্রসাগরের উপকুলবর্তী অঞ্চল হওয়ায় নিচুভুমি ও সমুদ্র হতে অরক্ষিত। বঙ্গাপ্রসাগরের আকৃতি অনেকটা ত্রিভুজ এর মত। শীর্ষ ভাগে রয়েছে বাংলাদেশের সম্পুর্ন উপকুলীয় অঞ্চল সুতারং অন্যান্ন উপকুলীয় অঞ্চলের মত এ উপজেলার ঝুকি অনেক বেশি। কালবৈশাখী ঝড়, জলচ্ছাস, সাইক্লোন, টর্নেডো, অনিয়মিত বৃষ্টিপাত, নদীভাঙ্গান, শৈত্যপ্রবাহ, এই অঞ্চলের দূর্যোগ। প্রায় প্রতিবছরই উল্লিখিত দুর্যোগসমূহ দেশের কোন না কোন অঞ্চলে আঘাত হেনে জানমালের ব্যাপক ক্ষতি সাধন করে। সার্বিক দুর্যোগের ইতিহাস বিশ্লেষণ করলে দেখা যায়। পূর্বে ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮,২০০০,-২০০৯ ও ২০১৩ সালে উপজেলার ব্যাপক বন্যা ও জলোচ্ছাস হয়। ১৫ নভেম্বর, ২০০৭ সালে সিডর বাংলাদেশের ১২টি জেলায় বেশি আঘাত হানে যার মধ্যে চারটি জেলা বেশি ক্ষতিগ্রস্থ হয়। পটুয়াখালি জেলা তার মধ্যে অন্যতম। সিডরে এ জেলায় ৪৫৭ জন লোক মারা যায়। তাছাড়া এলাকার বনায়ন, ফসলী জমিসহ ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হয়। ২৫ মে, ২০০৯ সালে আইলায় পটুয়াখালিতে ৭,৮১,৯২৬ জন আইলার শিকার হয়, যার মধ্যে দশমিনা উপজেলার ২০০টি পরিবার অন্তভুক্ত রয়েছে। বিশেষ করে দশমিনা উপজেলার উত্তর রনগোপালদী শরিফ জোমাদ্দার বাড়ী থেকে পশ্চিম দিকে আমির উদ্দিন চৌকিদার বাড়ী হইয়া কালীবাড়ী বাড়ী বাধঁ পর্যন্ত ১০ কিঃমিঃ ভেড়ী বাধঁ ও উত্তর চরঘুণী লঞ্চঘাট হইতে দঃদিকে আইজ উদ্দিন চৌকিদার বাড়ী পশ্চিম পাশদিয়া ফকিরবাড়ী বাধঁ ঘাট পর্যন্ত ০৩ কিঃমিঃভেরীবাধঁ যা বর্তমানে ১০০০-১৫০০ ফিট রয়েছে যা পূর্ণ নির্মন দরকার, এই বাঁধ ভেঙ্গে লবনাক্ত সামুদ্রিক পানিতে প্লাবিত হয়ে জলাবদ্ধতার সৃষ্টি হয় ও কৃষিজমির ফসলের ব্যাপক ক্ষতি হয়। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় চর বরহান, চরহাদি, চরশাহাজালাল, দশমিনা, বাঁশবাড়িয়া ও রণগোপালদি ইউনিয়ন। ২০১৩ সালে মহাসেন ঝড়ের আঘাতে এ এলাকায় ব্যাপক ক্ষতি হয়েছে। এসব দুর্যোগের কারণে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, অবকাঠামো, পশুসম্পদ ও জীববৈচিত্রসহ অন্যান্য কর্মকান্ড মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও জলবায়ু পরিবরতিনের ফলে হঠাৎ করে তেতুলিয়া নদীর পানি বৃদ্ধি পেয়ে চরাঞ্চলের প্রায় ১৫০০ টি পরিবারকে গৃহহারা হতে হয়। এছাড়া প্রতিবছর জলোচ্ছাসের কারণে ফসলী জমির এবং দরিদ্র মানুষের ব্যাপক ক্ষতি হয়েছে। জনগনের মাথাপিছু আয় কমেছে, বেড়েছে দারিদ্রতা ও বাড়ছে মানুষের স্বাস্থ্যহানির প্রবনতা,তাছাড়া বৃক্ষনিধন জনসংখ্যা বৃদ্ধি ও ভারসাম্যহীনতার কারণে দশমিনা উপজেলা দুর্যোগ কবলিত হতে পারে। বিশ্লেষন অনুযায়ী ঘূর্ণি ঝড়, জলোচ্ছাস, বন্যা, নদী ভাঙ্গান, কালবৈশাখী এই উপজেলার প্রধান দুর্যোগ। দুর্যোগে ক্ষতির পরিমান, ঘটার সময়কাল, এবং ঘটার সময়, ক্ষতিগ্রস্ত খাতসমুহ ছক আকারে দেয়া হল-

টেবিল ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও ক্ষতিগ্রস্থ ক্ষাতসমূহ।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন কোন খাত /উপাদান ক্ষতিগ্রস্থ হয়
ঘূর্ণীঝড়	২০০৪, ২০০৪, ২০০৫, ২০০৬, ২০০৮, ২০০৯, ২০১০, ২০১১, ২০১৩	বেশি	কৃষি সম্পদ, স্বাস্থ্য সেবা
		মাঝারী	মৎস্য, গবাদিপশু
জলচ্ছাস	২০০৬, ২০০৭, ২০০৮, ২০০৯, ২০১১, ২০১৩	বেশি	মৎস্য, স্বাস্থ্য খাত, অবকাঠামো,
		মাঝারী	কৃষি সম্পদ, প্রানীসম্পদ, যোগাযোগ
বন্যা	১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮ , ২০০৪, ২০০৯	বেশি	কৃষি, মানব সম্পদ, অবকাঠামো
		মাঝারী	মৎস্য, প্রানীসম্পদ, যোগাযোগ
নদী ভাঙ্গান	১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮, ২০০৪, ২০০৮,এবং ২০০৯, ১৬ই মে ২০১৩সাল।	বেশি	কৃষি, অবকাঠামো, রাস্তাঘাট ইত্যাদি
		মাঝারী	মৎস্য, গবাদিপশু, মানব সম্পদ,
কালবৈশাখী	১৯৮৮, ১৯৯১, ১৯৯২, ১৯৯৫, ১৯৯৭ ও ২০০৫, ৬ই মে ২০০২সাল।	বেশি	কৃষি, মানব সম্পদ, অবকাঠামো
		মাঝারী	মৎস্য, প্রানীসম্পদ, যোগাযোগ

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

২.২ উপজেলার আপদ সমুহ

দশমিনা উপজেলাটি কৃষি নির্ভরও সমুদ্র উপকুলিয় নিকটবর্তী অঞ্চল হওয়ায় এ উপজেলায় বসবাসকারীদের বেশী বেশী দূর্যোগ মোকাবিলা করতে হয়। যে আপদগুলো এ দুর্ভোগের জন্য দায়ী এবং জনজীবনে ক্ষয়ক্ষতির অগ্রাধিকার ভিত্তিতে নিম্নে দেওয়া হল-

টেবিলঃ২.২: অগ্রাধিকার ভিত্তিতে উপজেলার আপদ সমুহ

উপজেলার সকল ইউনিয়নের সম্মিলিত আপদ সমূহ		উপজেলার চিহ্নিত আপদ সমূহ ও আপদের অগ্রাধিকার
প্রকৃতি সৃষ্ট আপদ		
১. তাপদাহ	১২. ভূমিকম্প	
২. বন্যা	১৩. ঘূর্ণি ঝড়	
৩. পানির স্তর	১৪. জলাবদ্ধতা	
৪. অতিবৃষ্টি	১৫. অনিয়মিত বৃষ্টিপাত	
৫. শৈত্যপ্রবাহ	১৬. টর্নেডো	১. ঘূর্ণি ঝড়
৬. খরা	১৭. শিলাবৃষ্টি	২. জলোচ্ছাস
৭. নদীভাঙ্গন	১৮. বজ্রপাত	৩. বন্যা
৮. ঘনকুয়াশা	১৯. ইঁদুরের আক্রমণ	৪. নদী ভাঙ্গন
৯. জলোচ্ছাস	২০. ফসলে পোকার আক্রমণ	৫. কালবৈশাখী
১০. আর্সেনিক	২১.।লবনাক্ততা	
মানবসৃষ্ট আপদ		
২২. অগ্নিকান্ড	২৪. ভূমি দখল	
২৩. অপরিকল্পিত অবকাঠামো স্থাপন		

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্রের বিস্তারিত বর্ননা

ঘূর্ণি ঝড়

পটুয়াখালির দশমিনা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর জলোচ্ছাস হলেও ২৩শে মে ২০০৪, ১১ই সেপ্টেম্বর ২০০৪, ১১ই মাচ ২০০৫, ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯, ৮ই অক্টোবার ২০১০, ১৬ই জুন ২০১১, ১৬ই মে ২০১৩সালের ঘূর্ণি ঝড় ছিলো ব্যপক। *(তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস, দশমিনা)*

চিত্রঃ ২.২: ঘূর্ণি ঝড়ে বিদ্ধস্ত উপজেলার একটি গ্রাম।

জলোচ্ছাস

পটুয়াখালির দশমিনা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। তাছাড়া পূর্ণিমার প্রভাবে নদীর পানি বৃদ্ধি পেয়ে উপজেলার বেড়িবাধ ভেঙ্গে ফসলী জমি-মাছের ঘের ও বাসাবাড়ি তলিয়ে যায়। খাবার পানির প্রকট অভাব দেখা দিয়ে থাকে। এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না, যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর এ উপজেলায় জলোচ্ছাস হলেও ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ই নভেম্বর ২০০৭, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯ ও ১৬ই জুন ২০১১, ১৬ই মে ২০১৩ সালের জলোচ্ছাস ছিলো ব্যপক। *(তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস, দশমিনা)*

চিত্রঃ ২.৩: দশমিনায় পূর্ণিমায় পানিবন্দী আউলিয়াপুর গ্রাম।

বন্যা

পটুয়াখালির দশমিনা উপজেলা ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা। এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত বন্যা অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে কোন ফসল চাষ করা যায় না। প্রতি বছর বন্যা হলেও ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮, ১৯৮৮, ১৯৯৮ এবং ২০০৪ সালের বন্যা ছিলো ব্যাপক।*(তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস, দশমিনা)*

চিত্র ২.৪: বন্যা প্লাবিত দশমিনা উপজেলা

নদী ভাঙ্গন

দশমিনা উপজেলার প্রতিটি অঞ্চলে জালের মত ছড়িয়ে আছে অসংখ্য ছোট বড় নদ-নদী। নদী বিধৌত এ উপজেলাতে ছোট বড় মিলিয়ে ০৩ টি নদী রয়েছ। ছাড়া দশমিনা উপজেলার উল্লেখযোগ্য নদীগুলো হলো তেঁতুলিয়া ও বুড়া গৌরঙ্গ নদী ও ঠাকুরের হাট নামে পরিচিত। পটুয়াখালির দশমিনা উপজিলার নদীর তীরবর্তী গ্রাম, চর বাশদিয়া, সোনারচর, দশমিনা ইউনিয়ন, চর হাদীর ২০০ পরিবার বেশী ক্ষতিগ্রস্ত হয়। এ উপজেলায় নদি ভাঙ্গনকে একাটি বড় আপদ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এই আপদের কারনে উপজেলার মানুশের শত শত একর ফসলি জমি এবং চর অঞ্চলের বসবাসরত মানুষের বসতবাড়ি জমি নদি গর্ভে চলে যায়। যার ফলে তারা গৃহহীন হয়ে পরে। প্রতি বছর নদি ভাঙ্গানের কারনে চর অঞ্চল লোকজনকে দুর্বিসহ জীবন কাটাতে হয়। ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮ , ২০০৪, ২০০৮,এবং ২০০৯, ১৬ই মে ২০১৩সাল সালের নদী ভাঙ্গন ছিল ব্যাপক।*(তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস,দশমিনা ।)*

চিত্রঃ ২.৫: নদী ভাঙ্গনে দশমিনা উপজিলার নদীর তীর।

কালবৈশাখী

১৫-২০ বছর পূর্বে এ এলাকায় কালবৈশাখী ঝড় স্বাভাবিক মাত্রায় ছিলো। কিন্তু ঋতু বৈচিত্রের কারনে এবং আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। যার ফলে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে।প্রতি বছর পটুয়াখালির দশমিনা উপজেলাতে কালবৈশাখির আঘাতে কম বেশি ক্ষতি হলেও ১৯৮৮, ১৯৯১, ১৯৯২, ১৯৯৫, ১৯৯৭ ও ২০০৫ সালের কালবৈশাখী ছিলো উল্লেখযোগ্য।*(তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস, দশমিনা।)*

চিত্রঃ ২.৬ দশমিনা উপজেলার কালবৈশাখী ঝড়।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

দশমিনা উপজেলার ঘূর্ণি ঝড়, জলোচ্ছাস ,বন্যা, নদীভাঙ্গন , কালবৈশাখী, প্রভৃতি আপদ গুলোর প্রভাবে প্রভাবে বিপদাপন্ন হচ্ছে উপজেলার প্রায় ১১৭০৩৭ জন জন জনগোষ্ঠী। এছাড়া ও প্রাণীকুল, মৎস্য সম্পদ এবং অবকাঠামোগুলোও বিপদাপন্নের বাইরে নয়। তাই এই বিপদাপন্ন জনগোষ্ঠী তাদের নিজস্ব পদ্ধতি ব্যবহার করে সক্ষমতা অর্জনের চেষ্টা করে চলেছে প্রতিনিয়ত। এখানে বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্তির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে এবং সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোন সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে। কোন কোন এলাকা কি কি কারনে কিভাবে বিপদাপন্ন তা সংক্ষিপ্ত ভাবে নিম্নে দেখানো হল:-

টেবিলঃ ২.৩ বিপদাপন্নতা ও সক্ষমতা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
ঘূর্ণিঝড়	• বন্যায় ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • কবর স্থান ডুবে যায়। • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• দশমিনা উপজেলায় ৩৯ টি স্কুল কাম সাইক্লোন সেন্টার রয়েছে। • দশমিনা উপজেলায় ১৪৭.০০ কিঃমিঃ, উঁচু পাকা রাস্তা রয়েছে। • দশমিনা উপজেলায় ২০টি উঁচু টিউবয়েল রয়েছে।
জলোচ্ছ্বাস	• যোগাযোগের কষ্ট হয় • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• পটুয়াখালি জেলার দশমিনা উপাজেলতে ৩৯ টি সাইক্লোন সেন্টার আছে • এই উপজেলার ০৬ টি ইউনিয়নের ১৫ টি কবরস্থান উচু আছে। • দশমিনা উপজেলায় মোট ৩৫.৫ কিমিঃ দৈঘ্য বাঁধ রয়েছে। তার মধ্যে একটি বাঁধ ৩৫কিঃমিঃ পানপট্টি লঞ্চ ঘাট থেকে সুনির বাধ হাট পর্যন্ত। • পটুয়াখালি জেলার দশমিনা উপজেলায় দশমিনা।কিঃমিঃ উচু রাস্তা রয়েছে।
বন্যা	• বন্যায় ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • কবর স্থান ডুবে যায়। • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• দশমিনা উপজেলার পানি নিষ্কাশনের মাধ্যম হল রাবনাবাদ, তেঁতুলিয়া, বুড়াগোরাঙ্গো নদী ও দশমিনার খাল, চরহোনাবাদের খাল, আরজবেগীর খাল, কাটা খালীর খাল, তেতুলীয়া নদী, নলখলা খাল, সৈয়দ জাফর খাল, গুলির খাল, খলিশাখালীর খাল, • দশমিনা উপজেলা ২০ টি উঁচু টিউবওয়েল রয়েছে। • দশমিনা উপজেলাইয় ৬ ফুট উঁচু মোট- ৩৫ কিঃমিঃ বাঁধ রয়েছে। • দশমিনাউপজেলা ১৫ টি কবর স্থান উঁচু রয়েছে। • পটুয়াখালি জেলার দশমিনা উপজেলায় ১৪৭.০০ কিঃমিঃ উচু রাস্তা রয়েছে। • দশমিনা উপজেলার ১০ হেক্টর বনায়ন রয়েছে।
নদীভাঙ্গন	• নদীভাঙ্গনে কৃষি জমিসহ ফসলের ক্ষতি হয়। • যোগাযোগের কষ্ট হয় • মানব সম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্য সম্পদের ক্ষতি হয়। • পশু সম্পদের ক্ষতি হয়।	• দশমিনা উপজেলায় কলেজগেট থেকে চরহাদী পর্যন্ত ০৬ কিঃমিঃ রাস্তা সদৃশ বাঁধ রয়েছে যা আকস্মিক বন্যা মোকাবেলায় এ উপজেলার জন্য দূর্গ হিসাবে কাজ করে। • দশমিনা উপজেলা নদী ভাঙ্গন এলাকায় ৬ফুট উঁচু মোট- ৩৫.৫ কিঃমিঃ বাঁধ রয়েছে।

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
কালবৈশাখী	• ঝড়ে ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • মানব সম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • পশু সম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• দশমিনা উপজেলা ১০ হেক্টর বনায়ন রয়েছে। • দশমিনাউপজেলায় ৩৯ টি সাইক্লোন সেন্টার রয়েছে।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

ভৌগোলিক অবস্থানগত কারনে দশমিনা উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও গ্রাম গুলি বিভিন্ন আপদের সম্মুখীন হয়। এ উপজেলার অধিকাংশ জনগস্ঠী কৃষি ও মৎসের উপর নির্ভশীল। সামুদ্রীক উপকুলিয় অঞ্চল হয়ায় এখানকার মানুষদেরকে আপদ গুলিকে মোকাবিলা করতে হয়। উপজেলার সব স্থানের বিপদাপন্নতা সমান নয় তাই আপদের ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা,বিপদাপন্নের কারন ওবিপদাপন্ন জনসংখ্যা নিম্নে সংখিপ্ত দেওয়া হলঃ

টেবিল ২.৪. সর্বাধিক বিপদাপন্ন এলাকা।

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
ঘূর্ণি ঝড়	চরহাদি, চরবোরহান, চরশাহাজালাল,দশমিনা,বাঁশবাড়িয়া, রণগোপালদি। সহ সমগ্র উপজেলা	নদীর তীরবর্তী এলাকা	১২৩৩৯২
জলোচ্ছাস	বাশ বাড়ীয়া, রাঙ্গাপালদী, চরবোরহান, আরোজবেগী, কালারানী, হাজিরহাট, চরহাদি, চরশাহাজালাল, দশমিনা,বাঁশবাড়িয়া, রণগোপালদি। সহ সমগ্র উপজেলা	নদীর তীরবর্তী এলাকা	৫৫৪৭৫
বন্যা	বাশ বাড়ীয়া, রাঙ্গাপালদী, চরবোরহান, আরোজবেগী, কালারানী, হাজিরহাট, সহ সমগ্র উপজেলা	নদীর তীরবর্তী এলাকা	৫৫৪৭৫
নদীভাঙ্গন	বাশ বাড়ীয়া, রাঙ্গাপালদী, চরবোরহান,আরোজবেগী,কালারানী, হাজিরহাট, চরবাশবাড়ীয়া ,সোনারচর।	প্রয়জনের তুলনায় বনায়ন কম	৪০৫০০
কালবৈশাখী	চরহাদি, চরবোরহান, চরশাহাজালাল,দশমিনা,বাঁশবাড়িয়া, রণগোপালদি। সহ সমগ্র উপজেলা	নদীর তীরবর্তী এলাকা	৪০৫০০

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ

দশমিনা উপজেলাটি কৃষি ভিত্তিক উৎপাদন নির্ভর। এ উপজেলার অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। তাই উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে কৃষিকে প্রাধান্য দিলেও আপদ ও ঝুঁকি হ্রাসের জন্য মৎস, প্রাণী, স্বাস্থ্য, জীবিকা, অবকাঠামো সব দিকেই উন্নয়ন প্রয়োজন। নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত ভাবে আলোচনা করা হল-

টেবিল ২.৫: উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়।

খাত সমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	দশমিনা উপজেলায় মোট ২৩৮৩৪ হেক্টর জমিতে ১৬৫০০ মেট্রিক টন ফসল উৎপাদিত হয়। প্রধান উৎপন্ন ফসল ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খিসারী, তিল, সরিষা, তরমুজ, ও পান। এছাড়া অত্রএলাকাতে প্রচুর মৌসুমি শাক-সবজি উৎপাদিতৎ হয়। উপজেলাতে মোট জমির পরিমাণ ২৩,৮৩৪ হেক্টর, নীট ফসলী জমি ১৬,৫০০ হেক্টর, মোট ফসলী জমি ৩৯,১০৩ হেক্টর, এক ফসলী জমি ৩,০১৫ হেক্টর, দুই ফসলী জমি ৪,৩৬৭ হেক্টর ও তিন ফসলী জমি ৯,১১৮ হেক্টর। মোট খাস জমি ১৩৪৪৮.৬৪ একর, কৃষি ১৩৪৪৫.৭৭ একর, অকৃষি ২.৮৭ একর, বন্দোবস্তযোগ্য কৃষি জমি ৫৩৩.২৭ একর।	দশমিনা উপজেলায় ৮৫% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৬০%, ক্ষুদে কৃষক শ্রেণী ৩০%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%। আয় হয় ৭৫.৬৬%। আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি ঘূর্ণিঝড়,বন্যা, জলচ্ছাস, নদীভাঙ্গন, তাহলে কৃষিজ ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, তাই দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়ের জন্য দশমিনা উপজেলার কৃষিতে আরো আধুনিকায়ন প্রয়োজন। যার ফলে দশমিনা উপজেলার কৃষি সম্প্রসারিত হবে যা কিছুটা দুর্যোগ সহায়ক।
মৎস্য	দশমিনা উপজেলাকে মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়। উপজেলায় উপজেলা তথ্য বাতায়ন ২০১১, অনুসারে পুকুর সংখ্যা ৭,৪৫৪ টি । দশমিনা উপজেলা মৎস্য অফিস পুকুর জরিপের তথ্য অনুযায়ী উপজেলাতে বর্তমান মোট পুকুর ১১,৮৮৪ টি। এর মাঝে ব্যবহার উপযোগী ছিল শতকরা ৬০ ভাগ পুকুর। এ উপজেলায় মৎস্য চাষের ক্ষেত্রে ব্যবসায়ীক উদ্দেশ্যে ১০%এবং পারিবারিক চাহিদা মেটাতে ৯০%পুকুর ব্যবহার করা হয়। এ উপজেলায় মৎস্য বীজ উৎপাদন খামার ০৬ টি, এই বিপুল সম্ভাবনা মাছ উৎপাদনের জন্য সক্ষম। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা ৬১৮০ মেঃটন, উপজেলায় বাৎসরিক মৎস্য উৎপাদন হয় ৫৫১৩ মেঃ টন। মৎস্য চাহিদা পূরনের মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। এ উপজেলায় ১২০টি মৎস্য ঘের রয়েছে,ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই দশমিনা উপজেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন এই বিপুল সম্ভাবনা মাছ উৎপাদনের জন্য সক্ষম। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা পূরনের এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি হয় তাহলে কৃষি ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি মাছ চাষ করে তাহলে কৃষকরা অনেকটাই ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাছাড়া ধান ও মাছের সমন্বিত চাষ করলে, ধান নষ্ট হলেও মাছের উৎপাদন দুর্যোগকালে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় রাখতে সহায়তা করবে। দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য মাছ চাষের কোন বিকল্প নেই। তাই বলা যায় মৎস্যখাত দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
পশুসম্পদ	দশমিনা উপজেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল ছিল। প্রয়োজনীয় চারণভূমি ও গোখাদ্যের অভাবে পশুসম্পদ অনেক কমে গেছে। উপজেলায় বর্তমানে ২২ টি গবাদিপশুর খামার, উন্নত মুরগীর খামারের সংখ্যা ১১ টি, গবাদিপশুর খামার, পুর্বে মাত্র ৯৬টি ব্রয়লার মুরগীর খামার ছিল যা বর্তমানে ২৪,৩৮০টি, যা মানুষকে স্বাবলম্বী করে তোলার পাশাপাশি অর্থনীতিতে ও ভূমিকা রাখবে।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি বন্যা ও জলোচ্ছাস হয় তাহলে মৎস্য চাষী ও কৃষকরা অনেকটাই ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি পশু পালন করে তাহলে তাৎক্ষণিক আর্থিক ক্ষতির থেকে রক্ষা পাবে এবং দুর্যোগের মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। সেজন্য দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য পশুসম্পদের কোন বিকল্প নেই। তাই বলা যায় পশুসম্পদ দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।

খাত সমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
স্বাস্থ্য	দশমিনা উপজেলাতে একটি ৫০ শয্যা বিশিষ্ট ০১ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আছে। উপজেলা সাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র আছে ১৬ টি, ডাক্তার ০৯জন, সিনিয়র নার্স ১৩ জন, সহকারী নার্স ০১ জন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ১১টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ১৩ টি, এম.সি.এইচ. ইউনিট ০১ টি, এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৫৮৩৩ জন।	দুর্যোগের ফলে দশমিনা উপজেলায় রোগব্যাধি বৃদ্ধি পায়, এজন্য স্বাস্থাসেবার আরো আধুনিকায়ন প্রয়োজন যা দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে যথেষ্ট সমন্বয় সাধন করতে সক্ষম হয়।
জীবিকা	দশমিনা উপজেলায় ৯০% মানুষ কৃষিকাজে সম্পৃক্ত (দিনমজুর ৫০%, ক্ষুদে কৃষক শ্রেণী ২৫%, মাঝারি কৃষক শ্রেণী ১০%, বড় কৃষক শ্রেণী ৫%)। অন্যান্য খাত গুলো হল- অ-কৃষিজ শ্রম ২.৫০%, শিল্প ০.৭৬%, বাণিজ্য ৯.০১৩%, যোগাযোগ ও পরিবহন ৩.৯৫%, চাকুরি ৪.৮৩%, নির্মাণ ০.৯%, ধর্মীয় সেবা ০.০৮%, রেমিটেন্স ০.০৬% এবং অন্যান্য ২.২৫%। দশমিনা উপজেলায় মানুষের জীবিকা ভিন্নরুপ হওয়ায় তাদের অর্থনীতি খুবই সমৃদ্ধশালী। আনুপাতিক হারে এই উপজেলাতে মানুষের অভাব খুবই কম। কারন তারা বেশীরভাগই নির্ভরযোগ্য পেশায় জড়িত। যার ফলে দশমিনা উপজেলার মানুষের জীবন জীবিকা বেশ উন্নত।	জলবায়ু পরিবর্তনের প্রভাবে দশমিনা উপজেলায় বন্যা, জলোচ্ছাস, নদীভাঙ্গন, কালবৈশাখি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব পড়ে। কিন্তু মানুষ যদি বিকল্প জীবিকার ব্যবস্থা গ্রহন করে, তাহলে দুর্যোগকালে তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা সম্ভব। এবং দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য বিকল্প জীবিকা ব্যবস্থার কোন বিকল্প নেই। বিকল্প জীবিকা ব্যবস্থা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
গাছপালা	দশমিনা উপজেলায় গাছপালা ও বনায়নের জন্য যথেষ্ট সুনাম আছে। এই উপজেলাতে প্রচুর ফলের গাছ আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া,বাবলা,বরই,সফেদা গাছ রয়েছে। দশমিনা উপজেলায় সরকারিভাবে ১৬ হেক্টর বনায়ন রয়েছে যা উপজেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে।	দশমিনা উপজেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, জলোচ্ছাস নদীভাঙ্গন, ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্য সম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া জলোচ্ছাসের প্রভাবে প্রচুর ঘরবাড়ী, রাস্তাঘাটসহ প্রচুর অবকাঠামোগত ক্ষতি সাধিত হয়। যা মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব ফেলে এবং পরিবেশ রক্ষা কঠিন হয়ে পড়ে। এসব মোকাবেলার জন্য প্রচুর পরিমানে গাছপালার কোন বিকল্প নেই। তাই দশমিনা উপজেলায় একটা স্লোগান হওয়া উচিত “ গাছ লাগান এবং পরিবেশ বাঁচান” যা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট ভুমিকা পালন করে।

খাত সমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
অবকাঠামো	দশমিনা উপজেলায় প্রচুর অবকাঠামো গত সম্পদ রয়েছে। যার মধ্যে ৩৫.৫ কিঃমিঃ বাঁধ, ৪৬৬ টি ব্রীজ ,কালভার্ট রয়েছে। এছাড়া উপজেলা, ইউনিয়ন এবং গ্রাম্যপথ মিলিয়ে সর্বমোট মোট রাস্তা ৮৯৫.০৪ কিঃমিঃ, পাকা রাস্তা ৬৭.৪৩ কিঃমিঃ, কাঁচা রাস্তা ৮২৭.৬১ কিঃমিঃ ,ইটের রাস্তা ৩০.২২কিঃমিঃ। সেচের জন্য বর্তমানে ১২৩ টি গভীর নলকূপসহ মোট ৪,২৭৬ টি নলকুপ রয়েছে। এছাড়া ২১ টি হাট ও ৪ টি গ্রোথ সেন্টার রয়েছে যা উপজেলার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। এই অবকাঠামোগত সম্পদগুলো দশমিনা উপজেলার উন্নয়নমূলক কাজ তথা অর্থনীতিতে অগ্রণী ভুমিকা পালন করে।	দশমিনা উপজেলায় বন্যা, জলোচ্ছাস, নদীভাঙ্গন, হলে অবকাঠামোগত সম্পদগুলো দুর্যোগকালে বিভিন্নভাবে কাজে লাগে যেমন - বাঁধ নদীভাঙ্গনের হাত থেকে উপজেলাকে রক্ষা করে। কালভার্টগুলো বন্যা, জলোচ্ছাস হলে যোগাযোগের কাজে ব্যবহার হয়। নলকূপগুলো খরা মৌসুমসহ অন্য সময়ে পানি সেচের কাজে ব্যবহার করে প্রচুর কৃষিসম্পদ অর্জিত হয়ে থাকে। রাস্তাঘাট বিভিন্ন জেলা/ উপজেলার সাথে যোগাযোগ সম্পর্ক উন্নয়ন করে। দুর্যোগের সময় হাটবাজার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য অবকাঠামোগত সম্পদকে যথেষ্ট শক্তিশালী করার কোন বিকল্প নাই।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.৭ সামাজিক ম্যাপ

দশমিনা উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য উপজেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে গলাচিপা উপজেলার মানচিত্র দেখিয়ে সামাজিক মানচিত্র করার উদ্দেশ্য ,গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় উপজেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়। সামাজিক মানচিত্রে উপজেলার গ্রামগুলির অবকাঠামোসমূহ ,রাস্তা-ঘাট ,ব্রিজ ,কালভার্ট , বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানসমূহ ,হাট-বাজার ,নদী-খাল ,ফসলের মাঠসহ গুরুত্বপূর্ণ বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। সামাজিক মানচিত্রে দশমিনা উপজেলার সার্বিক অবস্থা পৃষ্ঠা ২৮ এ দেখানো হয়েছে।

২.৮ দুর্যোগ এবং ঝুঁকি ম্যাপ

দশমিনা উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য উপজেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে গলাচিপা উপজেলার মানচিত্র দেখিয়ে দুর্যোগ ও ঝুঁকি মানচিত্র করার উদ্দেশ্য ,গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় এলাকার আপদসমূহ চিহ্নিত করে দশমিনা উপজেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়েছে। উপজেলার কোন ইউনিয়নে কি ধরনের আপদ সংঘটিত হয় তা ঝুঁকি মানচিত্রে অংশগ্রহনকারীদের দ্বারা প্রদর্শন করা হয়েছে। দুর্যোগ ও ঝুঁকি মানচিত্রে দশমিনা উপজেলার সার্বিক অবস্থা পৃষ্ঠা ২৯ এ দেখানো হয়েছে।



Dashmina Upzila
Social Map
Bahrampur
Betagi Sankipura
Banshbaria
Dashmina
DASHMINA
Alipur
Rangopaldi
N
Kilometers
Legend
District Boundary
Union Boundry
Upazila
Union
National Highways
Regional Highways
Zilla Road
Railway Network
Embankment
Rural Market
Growth Centre
Family Welfare Centre
High School
Upazilla Health Complex
Primary School
Post Office
Community Clinic
College
Madrasa
Forest
Water Bodies
Small River or Khal
Wide River with Sandy Area


Dashmina Upzila
Hazard & Risk Map
Bahrampur
Betagi Sankipura
Banshbaria
Dashmina
DASHMINA
Alipur
Rangopaldi
N
Legend
International Boundary
Upazila Boundary
District Boundary
Union Boundary
Alipur
Bahrampur
Banshbaria
Betagi Sankipura
Dashmina
Rangopaldi
Upazila
Union
Regional Highways
National Highways
Zilla Road
Upazila Road(Pucca)
Upazila Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Village Road A (Pucca)
Village Road A (Katcha)
Village Road B (Pucca)
Village Road B (Katcha)
Railway Network
Embankment
Small River or Khal
Forest
Water Bodies
Wide River
Sandy Area
Cyclone
Crop Insect-pest Infestation
Tornado
Drizzle
Heavy Rain
Tidal Wave
Flood
River Erosion
30,000 15,000 0 30,000 60,000
Kilometers

২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি

দশমিনা উপজেলায় খরার প্রবনতা বেশি না হলেও সারা বছর জুড়েই বিভিন্ন আপদ পরিলক্ষিত হয়ে থাকে। ফাল্গুন- চৈত্র মাস থেকেই কালবৈশাখীর প্রবনতা থাকে এবং বৈশাখ, জৈষ্ঠ্য মাসে ও আশ্বিন-কার্তিক মাসে ঘূর্ণিঝড়ের পাশাপাশি জলচ্ছাস হয়ে থাকে। বৈশাখ, জৈষ্ঠ্য মাসে জলচ্ছাস কিছুটা কম হলেও আষাঢ়-শ্রাবন মাসে বেশি দেখা দেয়। এছাড়া উপজেলার ভেতর দিয়ে ৫ টি নদী প্রবাহিত হয়েছে। হঠাৎ বন্যা বা জলোচ্ছাসে নদীর পানি বেড়ে গিয়ে নদী সংলগ্ন এলাকা প্লাবিত হয়। জনসাধারন বৈশাখ থেকে কার্তিক মাস পর্যন্ত যে কোন ঘূর্ণিঝড়, কালবৈশাখী ঝড় হয়ে বিপুল পরিমান ক্ষতির সম্মুখীন হতে পারে। নিম্নে টেবিলের মাধ্যমে আপদের মৌসুমী দিনপঞ্জি তুলে ধরা হয়েছে।

টেবিল ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি।

আপদসমূহ	মৌসুম											
	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ
	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
ঘূর্ণিঝড়	■	■				■	■					
জলোচ্ছাস	▒	▒	■	■	▒	▒	▒					
বন্যা			■	■	■	■	■					
নদীভাঙ্গন			■	■								
কালবৈশাখী	■	■									■	■

তথ্যসুত্রঃ উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস, দশমিনা

আপদের দিনপজি বিশ্লেষন

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন কোন মাসে সংগঠিত হয় এবং কোন কোন মাসে এর প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। প্রি-সিআরএ কাজের অংশ হিসেবে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যামে জানা যায়:

ঘূর্ণিঝড়ঃ পটুয়াখালির দশমিনা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। তবে বৈশাখ ও জ্যৈষ্ঠ, আশ্বিন ও কার্তিক মাসে ঘূর্ণিঝড় হয়ার প্রবনতা বেশি থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। সালের ঘূর্ণি ঝড় ছিলো ব্যপক।

জলোচ্ছাসঃ পটুয়াখালির দশমিনা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। জলোচ্ছাসের ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না।

বন্যাঃ মূলত নদী ভরাটের কারণে ও পানি নিষ্কাশনের পথ না থাকায় বন্যা হয়। প্রচুর পরিমাণ পলি জমে নদীগুলো ক্রমাগত ভরাট হয়ে যাচ্ছে এবং নদীর মাঝে চর জেগে উঠায় অতিরিক্ত পানির চাপে নদীর পাড় উপচে বন্যার সৃষ্টি করে। দশমিনা উপজেলায় জুলাইয়ের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের শেষ পর্যন্ত বন্যার সম্ভাবনা দেখা দেয় হয়।

কালবৈশাখীঃ বৈশাখ ও জ্যৈষ্ঠ , আশ্বিন ও কার্তিক মাসে কালবৈশাখী বেশী হওয়ার সম্ভাবনা থাকে। ঋতু বৈচিত্রের কারনে এবং আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। যার ফলে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে।প্রতি বছর পটুয়াখালির দশমিনা উপজেলাতে কালবৈশাখির আঘাতে কম বেশি ক্ষতি হয়ে থাকে।

নদীভাঙ্গনঃ দশমিনা উপজেলার ঘরবাড়ি, রাস্তাঘাট, সামাজিক ও শিক্ষাপ্রতিষ্ঠানসহ ফসল ও গবাদিপশু নদীভাঙ্গনে প্রতি বছর বিলীন হয়ে যাচ্ছে। এপ্রিল থেকে জুলাই পর্যন্ত এখানে নদীভাঙ্গন প্রকট না হলেও আগস্টের প্রথম থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত নদীভাঙ্গন প্রকট আকার ধারন করে।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি

কৃষি ও মৎস অত্র এলাকার মানুষের প্রধান জীবিকা। এছাড়া ভূমিহীন শ্রমীক আছে যারা দিনমজুর হিসাবে তাদের জীবিকা নির্বাহ করে থাকে। এ অঞ্চলে বেশ কয়েকটি হাট বাজার থাকায় এবং বিপুল পরিমান কৃষি ও মৎস পন্য রপ্তানির জন্য ব্যবসায়ী জীবিকাও গড়ে উঠেছে। নিম্নে টেবিলের মাধ্যমে জীবিকার মৌসুমী দিনপঞ্জি দেওয়া হল-

টেবিল ২.৭: জীবিকার মৌসুমী দিনপঞ্জি

জীবিকার উৎস	মৌসুম											
	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ
	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
কৃষক												
কৃষি শ্রমিক												
অকৃষি শ্রমিক												
মৎস্য চাষি												
মৎস্যজীবি												
মাঝি												
ব্যবসায়ী	ঈদ ও অন্যান্য ধর্মীও অনুষ্ঠানের সময় কাজের চাপ বেশি থাকে											
চাকুরীজীবি	সারা বছরই সমান ব্যস্ত থাকে											
নসিমন/ ভ্যান চালক												
কুটির শিল্পের কাজ												
কাঠ মিস্ত্রির কাজ												
রাজ মিস্ত্রির কাজ												

তথ্যসুত্রঃ উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস, দশমিনা

বেশী		মাঝারি		কম	

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

পূর্বে আলোচিত আপদ /দূর্যোগ সমূহ স্বাভাবিক জীবন জীবিকা নির্বাহে বাঁধার সৃষ্টি করে। কৃষি ,মৎস ,দিনমজুর ও ব্যবসায়ী সকলেই কম বেশি বিপদাপন্ন হয়। নিম্নে টেবিলের মাধ্যমে জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা দেওয়া হল:

টেবিল ২.৮ :জীবন ও জীবিকি সম্পর্কিত বিপদাপন্নতা

ক্রমিক	জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগ সমূহ				
		ঘূর্ণিঝড়	জলোচ্ছাস	বন্যা	নদীভাঙ্গন	কালবৈশাখী
০১	কৃষি	☑	☑	☑	☑	☑
০২	মৎস্য	☑	☑	☑	☑	
০৩	দিনমজুর	☑	☑	☑	☑	
০৪	ব্যবসায়ী	☑	☑	☑		☑

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা

প্রতিটি ইউনিয়নের আপদ সমূহ চিহ্নিতকরণ ও তার সংশ্লিষ্ট বিপদাপন্ন খাত ও উপাদান এবং এলাকা সমূহ নির্ধারণের পর আপদ সমূহের সংশ্লিষ্ট ঝুঁকি সমূহ চিহ্নিত, তালিকা প্রস্তুত ও বিবরণ লিপিবদ্ধ করা হয়েছে। প্রতিটি গ্রুপ থেকে দুই জন করে প্রতিনিধি নিয়ে চারটি (কৃষক, ভূমিহীন, মহিলা ও মৎস্যজীবী) দলে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপে ৬ জন করে মোট ২৪ জন প্রতিনিধির সাথে পৃথক পৃথক ভাবে প্রতিটি দলের বর্ণনাকৃত ঝুঁকি সমূহের মূল্যায়ন করে অগ্রহণযোগ্য ঝুঁকি সমূহের উপর ভোটাভুটির মাধ্যমে (জিপস্টিকের মাধ্যমে ভোট প্রদান) ঝুঁকির অগ্রাধিকার করণ করা হয়েছে। চারটি দলের অগ্রাধিকার কৃত ঝুঁকিসমূহ একত্রিত করে প্রাপ্ত ভোট সংখ্যার আলোকে সর্বোচ্চ ভোট প্রাপ্তির ক্রমানুযায়ী ঝুঁকির তালিকা থেকে ঝুঁকি নিয়ে তার কারণ বিশ্লেষণ সহ স্থানীয় পর্যায়ে ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায় সমূহ নির্ধারণ করা হয়েছে। অগ্রাধিকারকৃত ঝুঁকি সমূহ নিম্নরূপ। এগুলো পরবর্তীতে গ্রুপের প্রতিনিধিদের উপস্থিতিতে পরোক্ষ স্টেকহোল্ডারদের দ্বারা যাচাই করা হয়েছে।

টেবিল ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি।

আপদ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ									
	ফসল	গাছপালা	পশু সম্পদ	মৎস্য সম্পদ	ঘরবাড়ি	রাস্তাঘাট	ব্রীজ কালভার্ট	শিক্ষা প্রতিষ্ঠান	স্বাস্থ্য	তাশ্রয়কেন্দ্র
ঘুণীঝড়										
জলচ্ছাস	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑
বন্যা	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑
নদীভাঙ্গন	☑	☑		☑	☑	☑		☑		☑
কালবৈশাখী ঝড়	☑	☑	☑		☑			☑		☑

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

কোন স্থানের বা অঞ্চলের দীর্ঘ কালের (৩০ বছর বা তার অধিক সময়ের) দৈনন্দি আবহাওয়া পর্যালোচনা করে বায়ুমন্ডলের ভৌত উপাদান গুলোর (বায়ুর তাপ,বায়ুর চাপ,বায়ু প্রবাহর দিক ও তার গতিবেগ , বায়ুর আদ্রতা, মেঘের পরিমান, মেঘের প্রকারভেদ এবং বৃষ্টি পাত) যে সাধারন অবস্থা দেখা যায় তাকে ওই স্থানের বা অঞ্চলের জলবায়ু বলে। পৃথিবীতে প্রতিদিন যে সূর্য কিরন পৌছায়,ভূ পৃষ্ঠতা শোষণ করে। শোষিত সূর্য কিরন আবার মহাশূন্যে বিকিরিত বা প্রতিফলিত হয়। এটাই প্রাক্রিতিক নিয়ম। প্রাক্রিতিক নিয়মের এই শোষন–বিকিরন প্রক্রিয়ায় কোন ধরনের বাধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়াকেই জলবায়ু পরিবর্তন বলে।

টেবিল ২.১০: জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

খাত সমূহ	বর্ননা

খাত সমূহ	বর্ননা
কৃষি	২০০৭ (সিডর) সালের মত ঘূণী ঝড় হলে দশমিনা উপজেলায় ঘূণী ঝড়ের আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। জলচ্ছাসের কারণে ১৩,৬০০ একর জমির ফসল নষ্ট হয়ে ৫৭২০ টি পরিবারের ৩৫,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। বন্যার কারণে উপজেলায় ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ২০০২ সালের মত হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। দশমিনা উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২,৪২০ একর জমির ফসল নষ্ট হয়ে ২,৫৫০ টি পরিবারের ১৫,১৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ২০০৮সালের মত প্রবল বর্ষন হলে ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।
মৎস্য	২৫শে মে ২০০৯সালের আইলার মত জলচ্ছাস হলে দশমিনা উপজেলায় ২,৭২০ টি পুকুরের পানি নস্ট হয়ে মাছের বিভিন্ন রোগ হয় এবং মাছ ভেসে গিয়ে ৫,৫৫০ টি পরিবারের ২৮,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।যার ফলে আমিষের অভাব দেখা দিতে পারে। ২০০৪ এবং ২৫শে মে ২০০৯ সালের মত বন্যা হলে দশমিনা উপজেলায় ৩,৭২০ টি পুকুরের পানি নস্ট হয়ে মাছের বিভিন্ন রোগ হয় এবং মাছ ভেসে গিয়ে ৪,৩২০ টি পরিবারের ৩০,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। যার ফলে আমিষের অভাব দেখা দিতে পারে।
গাছপালা	জলবায়ু পরিবর্তনের প্রভাবে দশমিনা উপজেলায় ১৫ই নভেম্বর ২০০৭ সালের মত সিডর, ২০১৩ সালের মত আইলা ঝড় হলে প্রচুর পরিমানে গাছপালা ভেঙে পড়ে যেতে পারে। ফলে পরিবেশের ভারসাম্য রক্ষা বিপর্যস্ত হতে পারে। নদীভাঙ্গনের কারণে ০৬টি ইউনিয়নে প্রচুর পরিমানে গাছপালা নদীতে বিলীন হতে পারে। ফলে পরিবেশের ভারসাম্য ব্যাহত হতে পারে।
স্বাস্থ্য	দশমিনা উপজেলায় হঠাৎ জলচ্ছাসের কারণে পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ১,২৬০ টি পরিবারের ৫,৩০০জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। তাছাড়া দশমিনা উপজেলায় হঠাৎ বন্যার কারণে পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ২,৬২০ টি পরিবারের ৬,৬০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। দশমিনা উপজেলায় ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮, ২০০৪ এবং ২৫শে মে ২০০৯,২০১৩ সালের মত বন্যা হলে প্রায় ৬০% গর্ভবতী মহিলাদের বন্যাকালীন সময়ে সন্তান প্রসবের স্থানাভাব এবং বিপন্ন যোগাযোগ ব্যবস্থার কারণে তাদের প্রানহানীর আশংকা দেখা দিতে পারে। এছাড়া পানিবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। ২০০১ সালের মত খরা হলে এ উপজেলায় প্রায় ৫০%জনগনের চর্মরোগ দেখা দিতে পারে। তাছাড়া খরার কারণে চর্মরোগসহ বিভিন্ন ভাবে স্বাস্থ্যহানি ঘটতে পারে।
জীবিকা	জলবায়ু পরিবর্তনের প্রভাবে দশমিনা উপজেলায় ঘূণীঝড়, জলোচ্ছাস, বন্যা, নদীভাঙ্গন, কালবৈশাখী ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ ও পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণ প্রভাব পড়ে। এ সমস্ত আপদের কারণে দশমিনা উপজেলার ৩৭%মানুষ কর্মশূন্য হয়ে পড়তে পারে। ফলে দশমিনা উপজেলার অর্থনীতিতে ভয়াবহতা সৃষ্টি হতে পারে।
পানি	জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, দশমিনা উপজেলায় ০৬ টি ইউনিয়ন প্রচন্ড জলচ্ছাস, বন্যার কারনে টিউবয়েল ডুবে গিয়ে ভূ-গর্ভস্ত বিশুদ্ধ খাবার পানির অভাব দেখা দিতে পারে। ১০২৩০ হেক্টর জমির ফসল নষ্ট হতে পারে, অসংখ্য পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। এছাড়া চর্মরোগসহ বিভিন্ন রোগের ভয়াবহতা ছড়িয়ে পড়তে পারে এবং কৃষিসম্পদ, মৎস্যসম্পদ ও পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হতে পারে।

খাত সমূহ	বর্ননা
অবকাঠামো	জলবায়ু পরিবর্তনের প্রভাবে হঠাৎ ২৮শে জুন ২০০৩, ১১ই সেপ্টেম্বর ২০০৪ ১৫ই নভেম্বর ২০০৭, ২০১৩সালের মত ঝড় হলেঘূণী ঝড় হলে দশমিনা উপজেলায় প্রায় ২৫% শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানসহ অন্যান্য অবকাঠামো ক্ষতির সম্মুখীন হতে পারে ১০,১৫০ টি কাঁচা ও আধা পাঁকা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে ১২,৭৭০টি পরিবারের ৫৫,৩৫৭ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। যার ফলে শিক্ষাব্যবস্থা ব্যাহত হতে পারে। ঝড়ের আঘাতে ৬০% কাঁচা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে বিপুলসংখ্যক লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। ১৯৮৮ সালের মত বন্যা হলে প্রায় ৩০০ কিলোমিটার রাস্তার ক্ষতি হতে পারে এবং চলাচলের অযোগ্য হতে পারে। যার ফলে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হতে পারে। ৬ টি ইউনিয়ন নদীভাঙ্গনের কারণে প্রায় ৭০ কিলোমিটার রাস্তা, স্কুল, কলেজ, হাটবাজার সহ অন্যান্য অবকাঠামো নদীগর্ভে বিলীন হয়ে যেতে পারে। এছাড়া ১৬% কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে অনেক পরিবারের লোকজন অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

তৃতীয় অধ্যায়
দুর্যোগ ঝুঁকি হ্রাস

৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ

কোন আপদ বা আপদসমূহ, দশমিনা উপজেলার বিপদাপন্ন জনগোষ্ঠী ও তার আয়, সম্পদ এবং পরিবেশ- এ তিন উপাদানের নেতিবাচক সংমিশ্রনের ফলে ক্ষতিকর প্রভাবের সম্ভবনা অর্থাৎ কোন আপদ ঘটার সম্ভবনা ও মাত্রা এবং তার ফলে নির্দিষ্ট জনগোষ্ঠীর ক্ষতির সম্ভবনা এই দুইয়ের পারস্পরিকতাই ঝুঁকি। দশমিনা উপজেলার ঝুঁকি ও ঝুঁকির কারণসমূহ চিহ্নিত করে নিম্নে টেবিলের মাধ্যমে দেওয়া হল:

টেবিল ৩.১: দশমিনা উপজেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
দশমিনা উপজেলায় হঠাৎ ঘূণী ঝড়ের আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
দশমিনা উপজেলায় হঠাৎ ঘূণী ঝড়ের আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০ টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.বড় বড় বৃক্ষ নিধন করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের কোন ব্যবস্থা না থাকা।
দশমিন উপজেলায় জলচ্ছাসের কারণে ৪,৯০০ গবাদিপশু বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মারা গিয়ে ২,০৭০ টি পরিবারের ১০,৪০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০ টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় জলচ্ছাসের কারণে ১৩,৬০০ একর জমির ফসল নষ্ট হয়ে ৫৭২০ টি পরিবারের ৩৫,৫০০ জন লোক	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.বড় বড় বৃক্ষ নিধন করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের কোন ব্যবস্থা না থাকা।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।			
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০ টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০ টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.জনসচেতনতার অভাব।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.বড় বড় বৃক্ষ নিধন করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের কোন ব্যবস্থা না থাকা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২৬৮০ টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০ টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ বন্যার কারণে ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. পানির প্রবল চাপে বাঁধ ভেসে যাওয়ার কারণে। ২. উজানের ঢল নামার কারণে।	১. নদীর পাড় ভেঙ্গে ধীরে ধীরে নদীর নাব্যতা কমে যাওয়া। ২. প্রয়োজনীয় স্থানে বাঁধ না থাকার কারণে।	১. সরকারী নীতিমালার মাধ্যমে ড্রেজিং এর ব্যবস্থা না থাকা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২,৪৫০টি ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে ২,৫৬০টি পরিবারের ১৩,৩৭৫ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. পানির প্রবল চাপ থাকার কারণে। ২. শ্রাবণ মাসে প্রবল বৃষ্টির কারণে।	১. নদীর গভীরতা কম থাকার কারণে	১. নদীর গভীরতা কম ও সুষ্ঠু পর্যবেক্ষণের অভাব। ২. নদীর বাঁধ তদারকি বাস্থবায়ন কমিটির অভাব।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০১৫০ টি কাঁচা ও আধা পাকা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে ১২৭৭০ টি পরিবারের	১. আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো	১বড় বড় বৃক্ষ নিধনের কারণে। ২.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকার কারণে।	১.ঘরবাড়ি মজবুত করে তৈরি না করার কারণে। ২.সরকারিভাবে বৃক্ষ রোপণ নীতিমালা না থাকার কারণে।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
৫৫,৩৫৭ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে।			
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ বন্যার কারণে ৫,৩৮০টি কাঁচা ও আধাপাঁকা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে ৫,৯৩০টি পরিবারের ২৭,৮০০জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ সহ আশ্রয়হীন হতে পারে।	১. উজান থেকে আসা অতিরিক্ত পানির চাপের কারণে।	১. নীচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা। ২. অপরিকল্পিত ভাবে ঘরবাড়ি তৈরি করা।	১. সরকার কতৃক অবকাঠামো নির্মাণের সুষ্ঠু নীতিমালা না থাকা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২০টি শিক্ষা প্রতিষ্ঠান নদীগর্ভে বিলীন হয়ে ২২০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১. অতিবৃষ্টিতে নদীর পাড় নরম হবার কারণে।	১.নদীর গভীরতা কমে যাওয়া।	১. নদীর পাড় মজবুত না করা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০ টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০ টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২৬৮০ টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০ টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ৪৫ টি শিক্ষা প্রতিষ্ঠান বিধ্বস্ত হয়ে ৩৫,৫০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সর্তকতা মূলক ব্যবস্থা না থাকা। ২.বড় বড় গাছপালা নিধনের কারণে।	১.বৃক্ষরোপণের সঠিক নীতিমালা না থাকা।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

৩.২ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ

দশমিনা উপজেলায় ইউনিয়ন ভিত্তিতে উঠান বৈঠক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের আলোচনা থেকে উঠে আসা ঝুঁকি এবং ঝুঁকি নিরসনের সম্ভব্য উপায়সমূহ খুঁজে বের করা হয় যা নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত আলোচনা করা হল:

টেবিল ৩.২: দশমিনা উপজেলার চিহ্নিত ঝুঁকিসমূহ নিরসনের সম্ভাব্য উপায়।

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
দশমিনা উপজেলায় ঘূর্ণিঝড়ের কারনে ২২,৯৮০টি গবাদিপশু মারা গিয়ে ৬,৫৮০টি পরিবারের ৩৫,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হয়।	১.জনসচেতনতার সুষ্ঠু ব্যবস্থা করা।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানো ও তার সঠিক ব্যাখ্যা দেয়া।	১. সরকারী নীতিমালার মাধ্যমে নদীর ধারে পাথর ফেলে পাড় ভালভাবে বেঁধে দেয়া।
